স্পোর্টস কুইজ


হান্নান আহসান



ভূমিকা
শৈলেন মান্না

স্পোর্টস কুইজ

হান্নান আহসান



শৈলেন মান্না

ভূমিকা সম্বলিত

রঞ্জন প্রকাশন

৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট, কলি-৭৩

প্রকাশক :
দেবাশীষ বল
রঞ্জন প্রকাশন
৮/১ এ, শ্যামাচরণ দে স্ট্রীট
কলিকাতা-৭৩

প্রথম প্রকাশ :
ফেডারেশন কাপ ফুটবল ফাইনাল, ১৯৮৫
দ্বিতীয় মুদ্রণ : নভেম্বর, ১৯৮৬

প্রচ্ছদ : অমিয় ভট্টাচার্য

মূল্য : [redacted] পঁচিশ টাকা

মুদ্রাকর :
সত্যনারায়ণ মণ্ডল
রামকৃষ্ণ সারদা প্রিণ্টার্স
৩৪, শ্যামপুকুর স্ট্রীট
কলিকাতা-৪

SPORTS QUIZ BY HANNAN AHSAN
PREFACE : SAILEN MANNA
Price : Rs. 20·00

ভূমিকা



এই মুহূর্তে খেলাধুলোর যে জনপ্রিয়তা, তা যে কোন আন্তর্জাতিক বিষয়কে ছাপিয়ে গেছে। সেই কারণে সামাজিক পরিবেশ ও পরিস্থিতির সঙ্গে খেলাধুলো একটি বিশেষ স্থান করে নিতে পেরেছে। খেলাধুলোকে নিয়ে চলছে নানা পরীক্ষা নিরীক্ষা। এর সাফল্য ও ব্যর্থতা নিয়ে চলছে নানা পরিকল্পনা। ভবিষ্যৎ জীবনধারাকে ত্বরান্বিত করতে এবং দ্রুত প্রসারিত করতে খেলাধুলোকে দেওয়া হয়েছে একটি বিশেষ স্থান। পড়াশোনায় খেলাধুলোকে করে দেওয়া হয়েছে একটা আলাদা জায়গা।

খেলাধুলোকে বাদ দিয়ে আমরা কোন কাজ করতে উৎসাহ পাই না। কিন্তু ব্যবহারিক জীবনে খেলাধুলোকে কেন্দ্র করে ছোট ছোট নানা জিজ্ঞাসা আমাদের মনকে ভাবিয়ে তোলে। অনুসন্ধিৎসু মনে হাতড়াতে থাকি প্রশ্নের উত্তরের জন্য। প্রতিযোগিতায় হারিয়ে যাই, নিজেকে হালকা বলে মনে হয়। নিজেরা লজ্জিত হই অন্যজনের কাছে। ছোট ছোট প্রশ্নের উত্তর যা অতি সহজ, তা আমরা ভুলে যাই। ভাবতেও অবাক লাগে স্মৃতির আড়ালে ঐ সব প্রশ্ন নিয়ে কতই না আলোচনায় মুখর হয়েছি অনবরত।

কিন্তু সেই সমস্যার সমাধানের পথ উন্মুক্ত করে দিয়েছে হান্নান আহসানের 'স্পোর্টস ক্যুইজ' সংকলনটি। কুড়িটি খেলাধূলার যাবতীয় উল্লেখযোগ্য প্রশ্নোত্তর সহজ ও সরল ভাষায় একত্রিত করে আমাদেরকে উপহার দিয়েছে। কেবল খেলাধূলার রেকর্ডস নয়, বিভিন্ন খেলার নিয়মকানুনগুলিও প্রশ্নোত্তরের মাধ্যমে বলা হয়েছে। অবশ্যই একটা দুঃসাহসিক প্রচেষ্টা। এই পদক্ষেপ যেমন ক্রীড়াপ্রেমিকদের সাহায্য করবে, তেমনি বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রতিযোগীদের সহযোগিতা করবে। বাংলা সাহিত্যে এই ধরণের একটি পরিকল্পনার খুবই প্রয়োজন ছিল। সেই পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করেছে হান্নান।

আমি বিশ্বাস করি এই সংকলনটি শুধু ক্রীড়াপাঠক সমাজকে সমাদৃত করবে না—সর্বস্তরের পাঠকের কাছে তথ্য-বহুল সম্পদ রূপে স্থান করে নেবে। ভারতীয় ক্রীড়াজগতকে সমৃদ্ধ করতে এই ধরণের সংকলন যত প্রকাশ পাবে, ততই জিজ্ঞাসু মনটা বার বার নাড়া দেবে।

রঞ্জন প্রকাশনের শ্রীদেবাশীষ বলের সহায়তায় খেলাধুলোর প্রশ্নোত্তর-ভিত্তিক এই 'স্পোর্টস কুইজ' গ্রন্থটি প্রকাশ পাওয়াতে নিশ্চিত বলতে পারি আমরা কম বেশি সবাই উপকৃত হলাম।

উৎসর্গ

মা ও বাবাকে—

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

এক বছরের মধ্যেই স্পোর্ট্স কুইজের দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হল। বিশেষ করে প্রথম বই-এর লেখক হিসেবে আমার খুশি হওয়ার পরিমাণটা তাই একটু বেশি।

এই সংস্করণে আরো অনেক নতুন খেলা যুক্ত হয়েছে, যথা—ওয়াটার পোলো, সাইক্লিং, ডাইভিং, ক্যানোয়িং, পোলো, হাডুডু, খোখো, ক্যারাটে, দাবা, বিলিয়ার্ড্স ইত্যাদি।

এই সংস্করণের অন্যতম নতুন আকর্ষণ হল "বিশ্বকাপ '86 কুইজ"। এই অধ্যায়ে '86-র বিশ্বকাপ ফুটবল-এর উপর অসংখ্য প্রশ্নোত্তর সংযোজিত হয়েছে।

সব মিলিয়ে স্পোর্ট্স কুইজ এখন একটি স্বয়ং সম্পূর্ণ বই হয়ে উঠল, এমন আশা করা নিশ্চয়ই অন্যায় হবে না।

—হাননান আহসান

বিশিষ্ট খেলোয়াড়দিগের অভিমত

অনেক ছোট ছোট প্রশ্নের উত্তর না দিতে পেরে আমরা প্রায় সময়ই ছিটকে পড়ি। খেলাধুলোকে কেন্দ্র করে যখন সারা বিশ্ব উদ্বেলিত, তখন উত্তর না দেওয়াটার অর্থ আমাদের পিছিয়ে পড়ে থাকা। খেলাধুলোর প্রশ্নোত্তর-ভিত্তিক এই সংকলনটি আমাদের বিভিন্ন সমস্যাকে দূরীভূত করবে। নানা অজানা তথ্যে পরিপূর্ণ এই এই সংকলনটি পাঠক সমাজকে সজাগ করে দিয়েছে! এই ধরণের সংকলনের প্রয়োজন ছিল অনেকদিনের।

—পি. কে. ব্যানার্জী

খেলাকে কেন্দ্র করে অনেক সংকলন বের হলেও তথ্যবহুল প্রশ্নের উত্তর নিয়ে এই ধরণের সংকলনটি ক্রীড়াপাঠকদের আলোচনার খোরাক হয়ে দাঁড়াবে! তাৎক্ষণিক উত্তর অনেক সমস্যাকে ত্বরান্বিত করবে। তথ্যসমৃদ্ধ একটি অনন্য সংকলন হিসেবে এটি স্বীকৃতি না দিয়ে একটি অমূল্য দলিল বললে ভুল হবে না।

—সুব্রত ভট্টাচার্য্য

আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে ভারতীয়দের স্থান কোথায় বা স্বদেশের মাটিতে আমাদের সাফল্য কোন জায়গায় দাঁড়িয়ে আছে, এই তথ্য আমরা অনেকেই জানি না। হঠাৎ প্রশ্নের উত্তরে আমরা যেন মহাসাগরে হারিয়ে যাই। হয়তো সময় মতো কোন রেকর্ডকে তুলে ধরতে পারি না। এমন নানা আশঙ্কা আমাদের চিন্তাধারাকে ভারাক্রান্ত করে তোলে। সন্ধানী চোখকে আরো স্পষ্ট করে জিজ্ঞাসু চিন্তাধারাকে দূরীভূত করতে এই সংকলন অবশ্যই দরকার।

—শান্ত মিত্র

খেলাধুলো করেও নানা প্রশ্নের উত্তর নিজেদের কাছে অজানা থেকে যায়। অতীতের নানা তথ্য স্মৃতি থেকে হারিয়ে যায়। কোন প্রতিযোগিতার আসরে রেকর্ডের পরিসংখ্যান নিয়ে আলোচনা করতে সাহস পাই না। সেখানে এই ধরণের একসঙ্গে এতো প্রশ্নের উত্তরের সংকলনটি একটি মূল্যবান দলিল হিসেবে চিহ্নিত হবে।

—প্রসূন ব্যানার্জী

স্পোর্টস ক্যুইজ সম্বন্ধে কয়েকটি পত্রিকার অভিমত

কিশোর মনের প্রশ্ন ক্ষুধা মেটাতে খেলাধুলোর বিভিন্ন আইন কানুন, বিভিন্ন খেলার নায়কদের অল্প স্বল্প খোঁজ খবর পাওয়ার জন্য প্রশ্নোত্তরে বিভিন্ন খেলাধুলোর বই হাতের কাছে থাকা খুবই জরুরী। এতদিন এই ধরণের অর্থাৎ স্পোর্টস ক্যুইজের বই হাতের কাছে পাওয়া গেলেও তা সবই ইংরেজিতে। এখন বাংলা ভাষায় লেখা এই ধরণের দু-চারটে বই বেরিয়েছে। সন্দেহ নেই তাদের মধ্যে অন্যতম সেরা স্পোর্টস কুইজের বইটি হান্নান আহসানের লেখা। একশ বাহান্ন পাতার এই বইটিতে সব জনপ্রিয় খেলাকেই অন্তর্ভুক্ত করা হয়েছে।

বইটি যে কোন স্কুলের অষ্টম শ্রেণী পর্যন্ত র‍্যাপিড রিডার হিসেবে মন্দ নয়। আর যাঁরা চাকরি ইন্টারভিউ দিতে ব্যস্ত তাঁদের খুবই দরকারী।

—আজকাল, ৩১. ১০. ৮৫

খেলাধূলার জনপ্রিয়তা নিয়ে আজ আর কোন সংশয় নেই এবং ক্রমশঃই তা আমাদের দৈনন্দিন জীবনের অপরিহার্য অঙ্গ হয়ে উঠছে। এই জগতকে নিয়ে কৌতূহলের অন্ত নেই। তাই প্রতিমুহূর্তে মনের মধ্যে জেগে ওঠে অনেক জিজ্ঞাসা। এইসব জিজ্ঞাসার উত্তর খোঁজার কাজ অনেক সহজ হয়ে গেছে এই বই প্রকাশের জন্য। শৈলেন মান্নার ভাষায়, সেই সমস্যা সমাধানের পথ উন্মুক্ত করে দিয়েছে হান্নান আহসানের স্পোর্টস ক্যুইজ সংকলনটি। অত্যন্ত জনপ্রিয় কুড়িটি খেলাধূলা সম্পর্কে প্রশ্নের উত্তর এই বই তে দেওয়া হয়েছে। বাংলা সাহিত্যের এমন একটি উৎকৃষ্ট বইয়ের পরিকল্পনার জন্য লেখক প্রকাশক উভয়েই যথেষ্ট প্রশংসার দাবী করতে পারেন।

—সত্যযুগ, ২৯. ৭. ৮৫

বাংলা ভাষায় খেলাধূলার ওপর তথ্যভিত্তিক বইয়ের বড় অভাব। হান্নান আহসানের 'স্পোর্টস ক্যুইজ' বইটি সেই বিচারে ক্রীড়ানুরাগী পাঠক মহলে সকলের প্রশংসা অর্জন করবে। ফুটবল, ক্রিকেট বা সাঁতার ছাড়াও হকি, ভলিবল, বাস্কেটবল সহ মোট ২০টি খেলার নানা অজানা তথ্যের উত্তর পাওয়া যাবে। এ বইটিতে দেশ বিদেশের নানান খবর বা রেকর্ডস শুধু নয়, প্রতিটি খেলারই ইতিহাস থেকে আইন কানুনের খুঁটিনাটি জবাবও মিলবে।

—বর্তমান, ১২. ৮. ৮৫

সংকলনটি শুধু ফুটবল বা ক্রিকেটকে প্রাধান্য দিয়ে ক্যুইজ মাষ্টার হান্নান আহসান ছুটি নিতে চাননি। হকি, ব্যাডমিন্টন, বাস্কেটবল ভলিবল, লনটেনিস, টেবিল টেনিস, জিমন্যাষ্টিক, অ্যাথলেটিক্স, সাঁতার, বক্সিং, ভারোত্তোলন, হ্যাণ্ডবল, জুডো, তীরন্দাজী, শ্যুটিং, অশ্বারোহন, রোয়িং ও কুস্তিও বাদ যায়নি। একসঙ্গে এতগুলো বিষয়কে একটা সংকলনে স্থান দেওয়াটা লেখকের বিশেষ কৃতিত্ব। বাংলা ভাষায় এক নজরে তুলে আনা হবেক রকম প্রশ্নের তাৎক্ষণিক উত্তরের একটা অমূল্য নজীর সৃষ্টি করে লেখক পাঠকের প্রশংসা আগেই চেয়ে নিয়েছেন। তারপরে আছে অতীত দিনের দিকপাল ফুটবলার পদ্মশ্রী শৈলেন মান্নার উল্লেখযোগ্য ভূমিকাটি। ভূমিকার অনেক কথাই স্পষ্ট হয়ে যায় কেন এই সংকলনটি এত দরকারী।

—দৈনিক বসুমতী, ৩০. ৭. ৮৫

সূচীপত্র




১৯১১ সালে আই.এফ.এ.শীল্ড জয়ী মোহনবাগান দল



ফুটবলের সম্রাট পেলে



রুমেনিগে






কেভিন কীগান



নেহেরু গোল্ড কাপ

বিশ্ববিখ্যাত গোলরক্ষক
লেভ ইয়াসিন



১৯৩২ সালে ইংলণ্ড সফরকারী ভারতীয় ক্রিকেট দল



হানিফ ও মুস্তাক মহম্মদ



আজাহারউদ্দিন





বেনসন অ্যান্ড হেজেডা কাপ হাতে গাভাসকার ও রবি শাস্ত্রী



কালীচরণ ও গাভাসকার

ডন ব্র্যাডম্যান



কার্ল লুইস



জোলা বাড




জেসি ওয়েন্স



পি.টি.ঊষা




মস্কো ওলিম্পিকে
হাই জাম্পে বিশ্বরেকর্ড
করেন ডার্ড ওয়েজিগ



মিউনিখ ওলিম্পিকে সাতটি সোনাজয়ী সাঁতারু মার্ক স্পীজ



আর্চারিতে একাধিকবার বিশ্বরেকর্ড করেন লি সুলান



জন ম্যাকেনরো



আরতি সাহা



নাদিয়া কোমানেচি



পাকিস্থানের মনজুর জুনিয়র



ফুটবল ক্যুইজ

1. একটি ফুটবল মাঠের দৈর্ঘ্য কত ?
2. একটি ফুটবল মাঠের প্রস্থ কত ?
3. দুটি গোল পোষ্টের মধ্যে দূরত্ব কত ?
4. গোল এরিয়ার মাপ কত ?
5. পেনাল্টি সীমানার দৈর্ঘ্য কত ?
6. পেনাল্টি সীমানার প্রস্থ কত ?
7. গোল লাইন থেকে পেনাল্টি স্পটের দূরত্ব কত ?
8. কর্ণার স্পটের জন্য কতটা স্থানের দরকার হয় ?
9. সেণ্টার স্পটের চারপাশে সেণ্টার সার্কেলের ব্যাসার্ধ কত হবে ?
10. ফুটবল মাঠের চারপাশে চিহ্নিত রেখা কতটা চওড়া হওয়া প্রয়োজন ?
11. ফুটবল মাঠের চারপাশে চিহ্নিত রেখা কিভাবে টানা হয় ?
12. কর্ণারের খুঁটির দৈর্ঘ্য কত ?
13. একটি গোল পোষ্টের উচ্চতা কত ?
14. গোল পোষ্টে কোন রঙ ব্যবহার করা হয় ?
15. একটি ফুটবলের পরিধি কত ?
16. ফুটবলের আবরণ কি হবে ?
17. একটি ফুটবলের ওজন কত গ্রাম ?

18. ক্রশবার কাকে বলে ?
19. একটি ক্রশবারের দৈর্ঘ্য কত ?
20. একটি ক্রশবারের বেধ কত হওয়া প্রয়োজন ?
21. খেলোয়াড়দের বুটের তলার 'স্টাড' কত বড় হবে ?
22. একটি ফুটবল ম্যাচে একটি দলে কতজন খেলে ?
23. একটি ফুটবল ম্যাচ পরিচালনা করে কারা ?
24. সাধারণতঃ একটি ম্যাচে কতজন খেলোয়াড় বদল করা যায় ?
25. একটি ফুটবল ম্যাচ কতক্ষণ খেলা হয় ?
26. সেন্টার করে কিভাবে খেলা শুরু হয় ?
27. যে দল সেন্টার করছে তাদের প্রতিপক্ষকে কতটা তফাতে থাকতে হয় ?
28. ফুটবল মাঠে ফটোগ্রাফারদের কতটা দূরত্বে থাকতে হয় ?
29. ফুটবল খেলার নিয়ম ভঙ্গ করলে কি কি শাস্তি দেওয়া হয় ?
30. ফুটবল খেলার নিয়মাবলী লিপিবদ্ধ হয় কোন বছর ?
31. কারা ফুটবল খেলার নিয়মাবলী প্রথম লিপিবদ্ধ করেন ?
32. ইংল্যাণ্ডে প্রথম ফুটবল এ্যাসোসিয়েশন গঠিত হয় কবে ?
33. ফুটবলে সর্বপ্রথম লীগ প্রতিযোগিতা শুরু হয় কোথায় ?
34. ইংল্যাণ্ডে প্রথম ফুটবল লীগ শুরু হয় কবে ?
35. আন্তর্জাতিক অপেশাদার ফুটবল এ্যাসোসিয়েশন গঠিত হয় কবে ?
36. ফিফা কোন তারিখে গঠিত হয় ?
37. ফিফার (FIFA) সম্পূর্ণ অর্থ কি ?
38. ফিফার একজন উল্লেখযোগ্য সভাপতির নাম কি ?
39. জুলে রিমে কত বছর ফিফার সভাপতি ছিলেন ?
40. বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতার উদ্যোক্তা কে ?

41. বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হয় কবে ?
42. বিশ্বকাপ ফুটবলে জয়ী দলকে কি দেওয়া হয় ?
43. কোন দল প্রথম বিশ্বকাপে জয়ী হয় ?
44. কোন দল চিরদিনের জন্য জুলে রিমে কাপ ঘরে তোলে ?
45. বর্তমানে বিশ্বকাপে জয়ী দলকে কি দেওয়া হয় ?
46. বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা কত বছর অন্তর অনুষ্ঠিত হয় ?
47. তিনবার করে বিশ্বকাপ ফুটবলে জয়ী হয়েছে কোন দুটি দেশ ?
48. দুবার করে বিশ্বকাপে জয়ী হয়েছে কোন দুটি দেশ ?
49. ইংল্যাণ্ড সর্বপ্রথম বিশ্বকাপে জয়ী হয় কোন বছর ?
50. বিশ্বকাপ ফুটবল ফাইনালে সবচেয়ে বেশি গোলে বিজয়ী হয়েছে কোন দল ?
51. এ পর্যন্ত কতবার বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ?
52. 'সোনার পরী' কাকে বলা হয় ?
53. ফিফা কাপের দৈর্ঘ্য কত ?
54. ফিফা কাপে সোনার পরিমাণ কত ?
55. ফিফা কাপের ডিজাইন তৈরি করেন কোন বিখ্যাত শিল্পী ?
56. ফিফা কাপের নির্মাতা কোন ব্যক্তি ?
57. বর্তমানে ফিফার সদস্য সংখ্যা কত ?
58. বিশ্বকাপ ফুটেবলের প্রথম আসর বসেছিল কোন দেশে ?
59. ঐ আসরে কতগুলি দেশ যোগদান করে এবং কে কাকে হারিয়ে বিজয়ী হয় ?
60. বিশ্বকাপ ফুটবলের আসরে চার বার করে ফাইনালে উঠেছে কোন কোন দেশ ?

61. বিশ্বকাপে তিনবার ফাইনাল খেলেছে কোন দেশ ?
62. দ্বিতীয় বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা কোথায় কবে শুরু হয় ?
63. তৃতীয় বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হয় কবে, কোথায় ?
64. তৃতীয় বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয় কোন দল ?
65. চতুর্থ বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা কোন দেশে কবে অনুষ্ঠিত হয় ?
66. চতুর্থ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় কোন দল ?
67. বিশ্বকাপ ফুটবলের পঞ্চম আসর কোন দেশে অনুষ্ঠিত হয় ?
68. পঞ্চম বিশ্বকাপ ফুটবলে কোন দেশ জয়লাভ করে ?
69. সুইডেনে বিশ্বকাপ ফুটবলের আসর বসে কত সালে ?
70. সুইডেনের বিশ্বকাপ ফুটবলের আসরে ফাইনালে বিজয়ী হয় কোন দল ?
71. সপ্তম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা কবে, কোথায় অনুষ্ঠিত হয় ?
72. 1962-র বিশ্বকাপ ফাইনালে ব্রাজিল কি ব্যবধানে চেকোশ্লাভাকিয়াকে পরাজিত করে ?
73. বিশ্বকাপ ফুটবলের অষ্টম আসর বসে কোন বছর এবং কোথায় ?
74. অষ্টম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় কোন দেশ জয়ী হয় ?
75. নবম বিশ্বকাপ ফুটবলের আসর বসেছিল কোথায় ?
76. নবম বিশ্বকাপের ফাইনালে কোন দল কাকে পরাজিত করে ?
77. বিশ্বকাপ ফুটবলের দশম আসর কোথায় বসে ?

78. দশম বিশ্বকাপ ফাইনালে কোন দল কাকে হারিয়ে জয়ী হয় ?

79. বিশ্বকাপ ফুটবলের একাদশতম আসর কোথায় বসে এবং কে জয়ী হয় ?

80. দ্বাদশতম বিশ্বকাপে কোন দেশ জয়লাভ করে ?

81. কোন 5টি দল নিজেদের দেশে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে ?

82. বিশ্বকাপের প্রথম আসরে প্রথম গোল করার অসামান্য সম্মান লাভ করেন কোন খেলোয়াড় ?

83. বিশ্বকাপ ফুটবলের প্রথম আসরের প্রথম ম্যাচ কোন দুটি দলের মধ্যে অনুষ্ঠিত হয় ?

84. বিশ্বকাপের প্রথম আসরে সর্বোচ্চ গোলদাতা কে ?

85. বিশ্বকাপ ফুটবলের দ্বিতীয় আসরে কোন তিনজন খেলোয়াড় একসঙ্গে সর্বোচ্চ গোলদাতার সম্মান পান ?

86. চারবার করে বিশ্বকাপ ফুটবলে অংশগ্রহণ করেছেন কোন কোন খেলোয়াড় ?

87. বিশ্বকাপ ফুটবলে প্রথম হ্যাট্‌ট্রিকের সম্মান লাভ করে কে ?

88. বিশ্বকাপ ফুটবলে শততম গোল পূর্ণ করেন কোন খেলোয়াড় ?

89. বিশ্বকাপ ফুটবলে সহস্রতম গোল পূর্ণ করেন কোন খেলোয়াড় ?

90. বিশ্বকাপ ফুটবলে সর্বোচ্চ গোলদাতার রেকর্ড এখনো পর্যন্ত কার দখলে ?

91. 1982 সালের বিশ্বকাপজয়ী ইতালি দলের অধিনায়কের নাম কি ?

92. 1982-র বিশ্বকাপ ফুটবলে সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন কে ?

93. পেলে প্রথম বিশ্বকাপ খেলেন কবে ?
94. পেলের পুরো নাম কি ?
95. পেলের জন্ম তারিখ কত ?
96. আন্তর্জাতিক ম্যাচে পেলের গোল সংখ্যা কত ?
97. পেলে কলকাতায় খেলে গেছেন কোন বছর ?
98. বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতায় সবচেয়ে বেশিবার খেলেছেন কোন খেলোয়াড় ?
99. গ্যারিঞ্চা কোন বছর বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতা হয়েছিলেন ?
100. পর্তুগালের একমাত্র কোন খেলোয়াড় 1966-র বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ করেন ?
101. আর্জেন্টিনার কোন বিখ্যাত খেলোয়াড় 1978 সালে 6টি গোল করে বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ করেন ?
102. ব্রাজিল কার জয়সূচক গোলে সর্বপ্রথম বিশ্বকাপ জেতে ?
103. বিশ্বকাপে গ্যারিঞ্চার মোট গোল সংখ্যা কত ?
104. বিশ্বকাপে বেকেনবাওয়ারের গোল সংখ্যা কত ?
105. কেভিন কীগান 82-র বিশ্বকাপে কোন দেশের অধিনায়ক ছিলেন ?
106. রুমেনিগে কোন দেশের খেলোয়াড় ?
107. হাঙ্গেরীর একজন বিখ্যাত ফুটবলারের নাম কি ?
108. আর্জেন্টিনার একজন বিখ্যাত ফুটবল খেলোয়াড় কে ?
109. 'মারাদোনাকে আটকাবার ক্ষমতা কোন ডিফেণ্ডারের নেই'—কে বলেছেন ?
110. 'নতুন পেলে' বলা হয় কাকে ?
111. মুলার কোন দেশের ফুটবল খেলোয়াড় ?

112. 82-র বিশ্বকাপ ফুটবল ফাইনালে 'ম্যান অব দ্য ম্যাচ' হয়েছিলেন কে ?
113. ওলিম্পিকে ফুটবল খেলা শুরু হয় কবে ?
114. ওলিম্পিকে ফুটবলের প্রথম আসরে কোন দল বিজয়ী হয় ?
115. কোন বছর ওলিম্পিক ফুটবলে মাত্র দুটি দেশ অংশগ্রহণ করে ?
116. ঐ আসরে জয়ী হয় কোন দল ?
117. রীতিনীতি মেনে প্রথম কবে ওলিম্পিকে ফুটবল খেলা হয় ?
118. 1908 সালের ওলিম্পিকে ফুটবলে সোনা, রূপো, ব্রোঞ্জ পদক পায় কারা ?
119. 1912 সালে ওলিম্পিকের আসর বসে কোথায় ?
120. স্টকহোম ওলিম্পিকে ফুটবলে সোনা দখল করে কোন দেশ ?
121. স্টকহোম ওলিম্পিকে ফুটবলে রূপো ও ব্রোঞ্জ পদক পায় কারা ?
122. হাঙ্গেরী কোন অলিম্পিকে ফুটবলে সোনা দখল করে ?
123. মিউনিখ ওলিম্পিকে ফুটবলে সোনা জয় করে কোন দল ?
124. 1920-র এ্যানটুয়ার্প ওলিম্পিকে সোনা পায় কারা ?
125. এ্যানটুয়ার্প ওলিম্পিকে ফুটবলে রূপো ও ব্রোঞ্জ পদক পায় কারা ?
126. 1924 সালে প্যারিস ওলিম্পিকে ফুটবলে বিজয়ী দলের নাম কি ?
127. 1928 সালে আমস্টারডাম ওলিম্পিকে ফুটবলে স্বর্ণপদক পায় কোন দল ?

128. ইতালি কোন ওলিম্পিকে ফুটবলে সর্বপ্রথম সোনা দখল করে ?

129. বার্লিন ওলিম্পিকে তৃতীয় স্থান দখল করেছে অথচ আর কোন ওলিম্পিক ফুটবলে পদক পায়নি, দলটির নাম কি ?

130. বার্লিন ওলিম্পিকে ইতালির কাছে পরাজিত হয়ে কোন দলকে রূপো পেয়ে সন্তুষ্ট থাকতে হয়েছে ?

131. সুইডেন কোন ওলিম্পিকে ফুটবলে সোনা লাভ করে ?

132. হাঙ্গেরী ফুটবলে প্রথম সোনা জয় করে কোন ওলিম্পিকে ?

133. কোন ওলিম্পিকে রাশিয়া প্রথম ফুটবলে স্বর্ণপদক লাভ করে ?

134. কোন ওলিম্পিকে যুগোশ্লাভিয়া ফুটবলে প্রথম সোনা পায় ?

135. কোন ওলিম্পিকে ডেনমার্ক ফুটবলে তৃতীয়বার রূপো পায় ?

136. 1964-র টোকিও ওলিম্পিকে কোন দেশ ফুটবলে স্বর্ণপদক লাভ করে ?

137. হাঙ্গেরী তৃতীয়বার সোনা পায় কোন ওলিম্পিকে ?

138. মন্ট্রিল ওলিম্পিকে ফুটবলে সোনা জয় করে কোন দেশ ?

139. মন্ট্রিল ওলিম্পিকে ফুটবলে রৌপ্যপদক পায় কোন দেশ ?

140. ওলিম্পিক ফুটবলে হাঙ্গেরী কতবার স্বর্ণপদক জিতেছে ?

141. দুবার করে ওলিম্পিক ফুটবলে সোনা পেয়েছে কোন কোন দল ?

142. কোন দুটি দেশ ওলিম্পিক ফুটবলে পরপর তিনবার ব্রোঞ্জ পদক লাভ করেছে ?
143. 1980-র মস্কো ওলিম্পিকে ফুটবলে সোনা, রূপো ও ব্রোঞ্জ পায় কোন কোন দেশ ?
144. ওলিম্পিক ফুটবলে জাপান একবারমাত্র তৃতীয় স্থান অধিকার করে, কবে ?
145. পরপর তিনবার ওলিম্পিক ফুটবলে রূপো পায় কোন দেশ ?
146. ওলিম্পিক ফুটবলে সুইজারল্যাণ্ড একবারমাত্র রূপো পেয়েছিল, কবে ?
147. ওলিম্পিক ফুটবলে ডেনমার্কের ভূমিকা কি ?
148. তেইশতম ওলিম্পিকের আসর কোথায় অনুষ্ঠিত হয় ?
149. 84-র ওলিম্পিক ফুটবলে সোনা পায় কোন দল ?
150. 84-র লস এঞ্জেলস ওলিম্পিকে ফাইনালে সোনাজয়ী ফ্রান্স দলের পক্ষে দুটি গোল করেন কে কে ?
151. স্পেন কোন ওলিম্পিকে ফুটবল খেলায় রূপো পায় ?
152. কোন সালে ভারত ওলিম্পিক ফুটবলে চতুর্থ স্থান দখল করে ?
153. ভারতের কোন ফুটবলার ওলিম্পিকে হ্যাট্‌ট্রিক করবার সৌভাগ্য লাভ করেন ?
154. ওলিম্পিক ফুটবলে সবচেয়ে বেশি গোলের ব্যবধানে জয়লাভ করে কোন দল ?
155. প্রথম এশিয়ান গেম্‌স ফুটবলে কতগুলি দেশ অংশগ্রহণ করে ?
156. ফাইনালে কোন দলকে পরাজিত করে ভারত প্রথম এশিয়ান গেম্‌সে ফুটবলে স্বর্ণপদক লাভ করে ?

157. ম্যানিলার দ্বিতীয় এশিয়াডে ফুটবলে কতগুলি দেশ যোগদান করেছিল ?
158. দ্বিতীয় এশিয়াডে চীন ফুটবলে কোন পদক লাভ করে ?
159. 1958 সালে তৃতীয় এশিয়ান গেম্‌সে ফুটবলে সোনার পদক লাভ করে কোন দল ?
160. ভারত কোন এশিয়াডে দ্বিতীয়বার ফুটবলে স্বর্ণপদক লাভ করে ?
161. 1962-র জাকার্তা এশিয়াডে ফুটবলে প্রতিযোগীর সংখ্যা ছিল কত ?
162. পঞ্চম এশিয়ান গেমসে ফুটবলের সোনা কার ঘরে ওঠে ?
163. ষষ্ঠ এশিয়াডে ফুটবলে যুগ্ম চ্যাম্পিয়ন হয় কোন দুটি দল ?
164. সপ্তম এশিয়াডে ফুটবলে প্রতিযোগীর সংখ্যা ছিল কত ?
165. সপ্তম এশিয়াডে ফুটবলে স্বর্ণপদক লাভ করে কোন দেশ ?
166. ব্যাঙ্ককের অষ্টম এশিয়াডে কোন দুটি দেশ যুগ্মভাবে চ্যাম্পিয়নের মর্যাদা লাভ করে ?
167. 1982-র নবম এশিয়াডে ফুটবলে কতগুলি দেশ যোগদান করেছিল ?
168. নবম এশিয়াডে ফুটবলে স্বর্ণপদক পায় কোন দল ?
169. এশিয়াড ফুটবলে চীন কতবার চ্যাম্পিয়ন হয়েছে ?
170. এশিয়াড ফুটবলে বার্মা কতবার স্বর্ণপদক পেয়েছে ?
171. এশিয়াড ফুটবলে ভারত কতবার চ্যাম্পিয়ন হয়েছে ?
172. এশিয়াড ফুটবলে দক্ষিণ কোরিয়া চ্যাম্পিয়নের মর্যাদা পেয়েছে কতবার ?
173. এশিয়াড ফুটবলে ইরান রানার আপ হয়েছে কতবার ?
174. এশিয়াড ফুটবলে সবচেয়ে বেশিবার কোন দেশ তৃতীয় স্থান দখল করে ?

175. এশিয়াড ফুটবলে জাপানের ভূমিকা কি ?

176. এশিয়াড ফুটবলের একটি ম্যাচে সর্বাধিক গোল সংখ্যা কত ?

177. কোন এশিয়াডে ফুটবল প্রতিযোগিতায় সবচেয়ে বেশি দেশ অংশ নিয়েছিল ?

178. ভারতে প্রথম ফুটবল খেলা হয় কবে ?

174. ভারতের সবচেয়ে প্রাচীন ফুটবল ক্লাবের নাম কি ?

180. ক্যালকাটা ক্লাব কবে প্রতিষ্ঠিত হয় ?

181. ভারতীয় ফুটবলের জনক কাকে বলা হয় ?

182. কলকাতায় ফুটবল খেলা চালু হয় কবে ?

183. কলকাতা ফুটবলে লীগ প্রথা চালু হয় কবে ?

184. কলকাতা ফুটবলে দ্বিতীয় ডিভিশন লীগ প্রথা কবে থেকে চালু হয় ?

185. কলকাতার ফুটবল লীগে কোন দুটি ভারতীয় দল প্রথম খেলার সুযোগ পায় ?

186. মোহনবাগান কোন বছর কলকাতা ফুটবল লীগে প্রথম বিভাগে খেলার সুযোগ পায় ?

187. ইষ্টবেঙ্গল কবে কলকাতা ফুটবল লীগে খেলার সুযোগ পায় ?

188. ইষ্টবেঙ্গল কবে কলকাতা ফুটবল লীগে প্রথম বিভাগে খেলার সুযোগ পায় ?

189. কোন বছর ইষ্টবেঙ্গল দ্বিতীয় ডিভিশনে নেমে যায় ?

190. মহমেডান প্রথম ডিভিশনে কবে থেকে খেলছে ?

191. কলকাতা ফুটবল লীগে প্রথম চ্যাম্পিয়ন হয় কোন দল ?

192. কলকাতা ফুটবল লীগে প্রথম দ্বিতীয় স্থান পায় কোন দল।

193. প্রথম কোন ভারতীয় দল কলকাতা ফুটবল লীগে চ্যাম্পিয়ন হয় ?

194. কোন সালে মহমেডান প্রথম লীগ চ্যাম্পিয়ন হয় ?

195. প্রথম কোন ভারতীয় দল কলকাতা ফুটবল লীগে পরপর পাঁচবার চ্যাম্পিয়ন হয় ?

196. মোহনবাগান প্রথম লীগ চ্যাম্পিয়ন হয় কবে ?

197. ইষ্টবেঙ্গল প্রথম লীগ চ্যাম্পিয়ন হয় কবে ?

198. ইষ্টার্ন রেল একবার মাত্র লীগ চ্যাম্পিয়নের মর্য্যাদা পেয়েছে, কবে ?

199. ডালহৌসী কতবার কলকাতা ফুটবল লীগে চ্যাম্পিয়ন হয়েছে ?

200. ক্যালকাটা এফ সি কতবার লীগে চ্যাম্পিয়ন হয়েছে ?

201. ডারহাম এল আই কতবার লীগ চ্যাম্পিয়নের মর্য্যাদা পেয়েছে ?

202. মোহনবাগান একটানা কতবার লীগ চ্যাম্পিয়ন হয়েছে ?

203. ইষ্টবেঙ্গল একটানা কতবার কলকাতার ফুটবল লীগে চ্যাম্পিয়ন হয়েছে ?

204. তিরিশের দশকে মহমেডান কতবার লীগ চ্যাম্পিয়ন হয়েছে ?

205. চল্লিশ থেকে সত্তরের দশক পর্যন্ত মোহনবাগান কতবার লীগ চ্যাম্পিয়ন হয়েছে ?

206. ইষ্টবেঙ্গল সত্তরের দশকে কতবার লীগ জয় করেছে ?

207. কলকাতা ফুটবল লীগ কতবার অসমাপ্ত থেকেছে ?

208. কোন বছর কলকাতা ফুটবল লীগ বন্ধ ছিল ?

209. 1983 সালে চ্যাম্পিয়নের মর্য্যাদা পেয়েছে কোন দল ?

210. 1984 সালে লীগ চ্যাম্পিয়নের মর্য্যাদা পেয়েছে কোন দল ?

211. লীগে এক মরশুমে সবচেয়ে বেশি গোল করেছেন কে ?
212. মেওয়ালাল কতবার লীগে সর্বোচ্চ গোলদাতার সম্মান পান ?
213. আকবর কতবার লীগে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ করেন ?
214. তিনবার কলকাতা ফুটবল লীগে সর্বোচ্চ গোলদাতা হয়েছেন কে ?
215. ছ'বার করে লীগে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ করেছেন এমন চারজন খেলোয়াড়ের নাম কি ?
216. লীগে এক মরশুমে 32টি গোল করে সর্বোচ্চ গোলদাতার সম্মান পেরেছেন কোন খেলোয়াড় ?
217. কলকাতা ফুটবল লীগে এক মরশুমে 28টি গোল করে সর্বোচ্চ গোলদাতা হয়েছিলেন কে ?
218. লীগে এক মরশুমে যুগ্মভাবে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ কতবার ঘটেছে ?
219. 1951 সালের লীগে 18টি করে গোল দিয়ে কোন দু'জন খেলোয়াড় প্রথম যুগ্ম সর্বোচ্চ গোলদাতার মর্যাদা লাভ করে ?
220. কলকাতা ফুটবল লীগে দ্বিতীয়বার যুগ্মভাবে সর্বোচ্চ গোলদাতার মর্যাদা পান কে কে ?
221. সাব্বির আলি ও মানস ভট্টাচার্য কবে যুগ্মভাবে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ করে ?
222. মানস ভট্টাচার্য ও জামশিদ নাসিরি কোন বছর যুগ্মভাবে সর্বোচ্চ গোলদাতার সমান পান ?
223. 1982 সালে কলকাতা ফুটবল লীগে যুগ্মভাবে সর্বোচ্চ গোলদাতার আসন লাভ করে কারা ?
224. বলরাম লীগে কোন বছর সর্বোচ্চ গোলদাতা হন ?

225. 1971 সালে ইষ্টবেঙ্গলের কোন খেলোয়াড় লীগে সর্বোচ্চ গোলদাতা হয়েছিলেন ?

226. মোহনবাগানের মঙ্গল পুরকায়স্থ কোন বছর 20টি গোল করে লীগে সর্বোচ্চ গোলদাতার মর্য্যাদা পান ?

227. আই. এফ. এ শীল্ডের খেলা শুরু হয় কবে ?

228. আই. এফ. এ শীল্ডের প্রথম আসরে কতগুলি দল অংশ-গ্রহণ করেছিল ?

229. কোন ভারতীয় দল প্রথম আই. এফ. এ. শীল্ডে খেলার সুযোগ পায় ?

230. প্রথম বছর আই. এফ. এ. শীল্ড দখল করে কোন দল ?

231. রয়াল আইরিস রাইফেলস দল কতবার আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয় ?

232. প্রথম কোন ভারতীয় দল আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয় ?

233. কোন বছর মোহনবাগান প্রথম আই. এফ. এ. শীল্ড জয় করে ?

234. প্রথম আই. এফ. এ. শীল্ড বিজয়ী মোহনবাগান দলের অধিনায়ক ছিলেন কে ?

235. 1911 সালে আই. এফ. এ. শীল্ড বিজয়ী মোহনবাগান দলের গোলরক্ষক ছিলেন কে ?

236. 1911 সালে শীল্ড বিজয়ী মোহনবাগান দলের 11 জন খেলোয়াড়ের নামগুলি কি কি ?

237. 1911 সালে মোহবাগান কোন দলকে পরাজিত করে আই. এফ. এ শীল্ড বিজয়ী হয় ?

238. 1911 সালের আই. এফ. এ. শীল্ড ফাইনালের ফলাফল কি ছিল ?

239. 1911 সালে আই. এফ. এ. শীল্ড ফাইনালে মোহনবাগানের পক্ষে কে কে গোল করেছিলেন ?

240. 1911 সালে আই. এফ. এ. শীল্ড ফাইনালে ইস্টইয়র্ক দলের গোল রক্ষা করেছিলেন কে ?

241. মোহনবাগান কোন কোন দলকে পরাজিত করে 1911 সালে আই. এফ. এ. শীল্ডের ফাইনালে ওঠে ?

142. মহমেডান প্রথম আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয় কবে ?

243. ইষ্টবেঙ্গল প্রথম আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয় কবে ?

244. এরিয়ান একবারমাত্র আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয়, কবে ?

245. রাজস্থান একবারমাত্র আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয়, কবে ?

246. বোম্বাই-এর ইণ্ডিয়া কালচার লীগ কবে আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয় ?

247. 1944 সালে আই. এফ. এ. শীল্ডে বিজয়ী হয় কোন দল ?

248. 1963 সালে আই. এফ. এ. শীল্ড লাভ করে কোন দল ?

249. আই. এফ. এ শীল্ডে মোহনবাগান ও ইষ্টবেঙ্গল কতবার যুগ্মভাবে বিজয়ী হয়েছে ?

250. রাশিয়ার আরারাৎ ক্লাব কোন বছর মোহনবাগানের সঙ্গে যুগ্মভাবে আই. এফ. এ. শীল্ড লাভ করে ?

251. আই. এফ. এ. শীল্ডের খেলা চলতে চলতে মাঝপথে পরিত্যক্ত হয়েছে কতবার ?

252. কোন বছর আই. এফ. এ. শীল্ডের খেলা হয়নি ?

253. শৈলেন মান্না একটানা কত বছর মোহনবাগান ক্লাবের অধিনায়ক ছিলেন ?

254. টানা 5 বছর মোহনবাগান ক্লাবের অধিনায়কের দায়িত্ব পালন করেছেন কোন খেলোয়াড় ?
255. চন্দ্রেশ্বর প্রসাদ মোহনবাগানের অধিনায়ক ছিলেন কোন কোন বছর ?
256. 1982 সালে মোহনবাগান ক্লাবকে নেতৃত্ব দিয়েছেন কে ?
257. 1984 সালে মোহনবাগানের অধিনায়ক ছিলেন কে ?
258. সৈয়দ নঈমুদ্দিন কোন বছর মোহনবাগানের অধিনায়ক ছিলেন ?
259. প্রসূন ব্যানার্জি কোন বছর মোহনবাগানের অধিনায়ক ছিলেন ?
260. ইষ্টবেঙ্গল ক্লাবের প্রথম অধিনায়কের নাম কি ?
261. প্রশান্ত সিন্হা 1967 সালে কোন ক্লাবের অধিনায়ক ছিলেন ?
262. গোলরক্ষক অবনী বসু কোন বছর ইষ্টবেঙ্গল ক্লাবের অধিনায়ক ছিলেন ?
263. 1970 সালে ইষ্টবেঙ্গলের নেতৃত্ব দিয়েছিলেন কে ?
264. থঙ্গরাজ কোন বছর ইষ্টবেঙ্গলের অধিনায়ক ছিলেন ?
265. সুধীর কর্মকার 1962 সালে কোন ক্লাবের অধিনায়ক ছিলেন ?
266. সুরজিৎ সেনগুপ্ত কোন বছর ইষ্টবেঙ্গলের অধিনায়কের দায়িত্ব পালন করেছেন ?
267. 1983 সালে ইষ্টবেঙ্গলের অধিনায়ক ছিলেন কোন খেলোয়াড় ?
268. 1984 সালে ইষ্টবেঙ্গলের অধিনায়ক ছিলেন কে ?
269. কোন খেলোয়াড় মোহনবাগান ও ইষ্টবেঙ্গলের অধিনায়কের দায়িত্ব পালন করেছেন ?

270. গৌতম সরকার কোন বছর ইষ্টবেঙ্গলের অধিনায়ক ছিলেন ?

271. মোহনবাগান, ইষ্টবেঙ্গল ও মহমেডানে খেলেছেন এমন তিনজন গোলরক্ষক কারা ?

272. মোহনবাগান, ইষ্টবেঙ্গল ও মহমেডানে খেলেছেন এমন তিনজন ডিফেণ্ডারের নাম কি ?

273. তিন প্রধানেই খেলেছেন এমন তিনজন মিডফিল্ডার কারা ?

274. কলকাতায় তিন প্রধানেই খেলেছেন এমন তিনজন ফরোয়ার্ডের নাম কি ?

275. কলকাতা ভেটারেন্স স্পোর্টস ক্লাব বর্ষসেরা ফুটবলারকে পুরস্কার দেওয়া শুরু করে কবে ?

276. কোন বছর এই সংস্থা শেষবারের মতো পুরস্কার প্রদান করে ?

277. পি. কে. ব্যানার্জি কোন বছর ভেটারেন্স স্পোর্টস ক্লাব দ্বারা বর্ষসেরা ফুটবলার মনোনীত হয়েছিলেন ?

278. পর পর দু'বছর কোন খেলোয়াড় ভেটারেন্স স্পোর্টস ক্লাব দ্বারা বর্ষসেরা ফুটবলার মনোনীত হয়েছিলেন ?

279. 1975 থেকে 1977 সাল পর্যন্ত কে কে ভেটারেন্স স্পোর্টস ক্লাব দ্বারা বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হয়েছিলেন ?

280. ফুটবলে পদ্মশ্রী হয়েছেন এ পর্যন্ত কতজন খেলোয়াড় ?

281. ফুটবলে তিনজন পদ্মশ্রীর নাম কি ?

282. ফুটবলে 'অর্জুন' পুরস্কার দেওয়া শুরু হয় কবে ?

283. কোন ফুটবলার প্রথম অর্জুন পুরস্কার লাভ করেন ?

284. চুনী গোস্বামী কোন বছর অর্জুন পুরস্কার লাভ করেন ?

285. একমাত্র কোন গোলকীপার ফুটবলে অর্জুন লাভ করেন ?

286. 1979 সালে ফুটবলে অর্জুন হয়েছেন কে ?

287. 1980 সালে অর্জুন পুরস্কার পান কোন খেলোয়াড় ?

288. 1981 সালে কোন ফুটবল খেলোয়াড় অর্জুন পুরস্কার পান ?

289. ফুটবলে কোন তুই ভাই অর্জুন পুরস্কার লাভ করেছেন ?

290. লীগে মোহনবাগান ও ইষ্টবেঙ্গল দলের মধ্যে প্রথম সাক্ষাৎকার ঘটে কবে ?

291. লীগ ফুটবলে মোহনবাগান ও ইষ্টবেঙ্গল দলের মধ্যে প্রথম সাক্ষাৎকারে কোন দল জয়লাভ করে ?

292. লীগ ফুটবলে কোন বছর ইষ্টবেঙ্গল মোহনবাগানকে 4 শূন্য গোলে পরাজিত করে ?

293. ফুটবলে ডুরাণ্ড কাপের খেলা শুরু হয় কবে ?

294. প্রথম ডুরাণ্ড কাপ ফুটবলে বিজয়ী হয় কোন দল ?

295. মহমেডান প্রথম কবে ডুরাণ্ড কাপ ফুটবলে জয়ী হয় ?

296. ইষ্টবেঙ্গল প্রথম কবে ডুরাণ্ড কাপে জয়লাভ করে ?

297. মোহনবাগান প্রথম কবে ডুরাণ্ড কাপে বিজয়ী হয় ?

298. ডুরাণ্ড কাপে প্রথম কবে মোহনবাগান ইষ্টবেঙ্গল্ যুগ্মভাবে বিজয়ী হয় ?

299. ফুটবলে রোভার্স কাপের খেলা শুরু হয় কবে ?

300. প্রথম রোভার্স কাপ বিজয়ী দলের নাম কি ?

301. কোন বছর মহামেডান প্রথম রোভার্স কাপে বিজয়ী হয় ?

302. কোন বছর ইষ্টবেঙ্গল প্রথম রোভার্স কাপ বিজয়ী হয় ?

303. কোন বছর মোহনবাগান প্রথম রোভার্স কাপে বিজয়ী হয় ?

304. প্রথম কোন ভারতীয় দল কলকাতার লীগ, ডুরাণ্ড ও রোভার্স কাপ একই বছরে বিজয়ী হয় ?

305. কোন ভারতীয় দল প্রথম রোভার্স কাপ জয় করে ?
306. 1964 সালে কলকাতার কোন ক্লাব রোভার্স কাপ দখল করে ?
307. বাটা স্পোর্টস ক্লাব কবে রোভার্স কাপ জয় করে ?
308. প্রথম নেহরু গোল্ড কাপ ফুটবল প্রতিযোগিতায় কতগুলি দেশ অংশ নিয়েছিল ?
309. প্রথম নেহরু গোল্ড কাপে বিজয়ী হয় কোন দল ?
310. দ্বিতীয় নেহরু গোল্ড কাপ ফুটবল প্রতিযোগিতায় কতগুলি দেশ অংশ নিয়েছিল ?
311. দ্বিতীয় নেহরু গোল্ডকাপ ফাইনালে বিজয়ী হয়েছিল কোন দেশ ?
312. তৃতীয় নেহরু গোল্ডকাপে কতগুলি দেশ অংশ গ্রহণ করেছিল ?
313. তৃতীয় নেহরু গোল্ডকাপে কোন দল বিজয়ী হয় ?
314. মোহনবাগান ক্লাব প্রতিষ্ঠিত হয় কবে ?
315. ইষ্টবেঙ্গল ক্লাব কবে স্থাপিত হয় ?
316. মহমেডান ক্লাবের জন্ম হয় কোন বছর ?
317. এরিয়ান ক্লাব প্রতিষ্ঠিত হয় কবে ?
318. ডি. সি. এম. ট্রফির খেলা চালু হয় কবে ?
319. প্রথম ডি. সি. এম. ট্রফি লাভ করে কোন দল ?
320. ফেডারেশন কাপের খেলা কোন বছর শুরু হয় ?
321. ফেডারেশন কাপের প্রথম আসর কোথায় বসে ?
322. প্রথম ফেডারেশন কাপে জয়লাভ করে কোন দল ?
323. 1984-র ফেডারেশন কাপে বিজয়ী হয় কোন দল ?
324. কোন ওলিম্পিকে ভারত প্রথম ফুটবলে অংশগ্রহণ করে ?

325. 1948 সালে ইংল্যাণ্ড ওলিম্পিকে ভারতের ফুটবল দলের অধিনায়ক হয়েছিলেন কে ?

326. এশিয়ান গেমসের প্রথম আসরে ভারতের ফুটবল দলের অধিনায়ক হয়েছিলেন কোন খেলোয়াড় ?

327. এফ. এ. কাপের খেলা চালু হয় কবে ?

328. এফ. এ. কাপের প্রথম আসরে চ্যামপিয়ন হয় কোন দল ?

329. সবচেয়ে বেশিবার এফ. এ কাপ জিতেছে কোন দল ?

330. ইউ. ই. এফ. এ. কথার পুরো অর্থ কি ?

331. ইউ. ই. এফ. এ. প্রতিষ্ঠিত হয় কোন বছর ?

332. আই. এফ এ. কথার পুরো অর্থ কি ?

333. কোন বছর আই. এফ. এ. প্রতিষ্ঠিত হয় ?

334. কোন বছর ফুটবলে 'কুচবিহার' কাপ চালু হয় ?

335. কোন বছর 'ইলিয়াড শীল্ডের' খেলা শুরু হয় ?

336. কোন বছর সন্তোষ ট্রফির খেলা শুরু হয় ?

337. সন্তোষ ট্রফির প্রথম আসর কোথায় বসে ?

338. সন্তোষ ট্রফির প্রথম আসরে জয়লাভ করে কোন দল ?

339. সন্তোষ ট্রফি বেশিবার জয় করেছে কোল দল ?

340. কোন বছর মহিলাদের ফেডারেশন কাপ চালু হয় ?

341 সুব্রত মুখার্জি কাপের খেলা কোন বছর শুরু হয় ?

342. এশিয়ান কাপের খেলা কোন বছর শুরু হয় ?

343. 'ইণ্ডিপেনডেন ট্রফি'--র খেলা কোন বছর শুরু হয় ?

344. 'বড়দলৈ ট্রফি'-র খেলার সূচনা হয় কবে ?

345. দার্জিলিঙ-এর 'গোল্ড কাপ' ফুটবল প্রতিযোগিতা কবে থেকে শুরু হয় ?

346. মারদেকা ফুটবল প্রতিযোগিতা কবে থেকে চালু হয় ?

347. মারদেকা ফুটবল প্রতিযোগিতায় ফাইনালে কোন ভারতীয় রেফারী ম্যাচ পরিচালনা করেছিলেন ?

348. সি. আর. এ. কথাটির পুরো অর্থ কি ?

349. ভারতের সবচেয়ে প্রাচীন রেফারী সংস্থার নাম কি।

350. ভারতের সর্বকালের সেরা রেফারী কে ?

351. ট্রেডস কাপের খেলা কোন বছর শুরু হয় ?

352. ট্রেডস কাপের প্রথম আসরে কোন দল জয়লাভ করে ?

353. ডাঃ বি. সি. রায় ট্রফির খেলা কোন বছর শুরু হয় ?

354. পিয়ারলেস ট্রফির খেলা কোন বছর শুরু হয় ?

355. পিয়ারলেস ট্রফির একমাত্র আসরে কোন দল বিজয়ী হয় ?

356. আই. এফ. এ. কবে থেকে কলকাতার ফুটবল লীগ পরিচালনা করছে ?

357. অল ইণ্ডিয়া ফুটবল ফেডারেশনের জন্ম কত সালে ?

358. আই. এফ. এ. শীল্ডের ফাইনালে কোন দল সবচেয়ে বেশি গোলের ব্যবধানে জয় লাভ করে ?

359. কলকাতায় রাত্রিতে প্রথম ফ্লাড লাইটের আলোয় ফুটবল খেলার ব্যবস্থা হয় কোন বছর ?

360. চীন দল সর্বপ্রথম কবে ভারতে খেলতে আসে ?

361. ভারতীয় ফুটবলে ম্যাচ শুরু হওয়ার পর সবচেয়ে কম সময়ে গোল করে রেকর্ড সৃষ্টি করেন কোন খেলোয়াড় ?

362. কলকাতা মাঠে বাবা এবং ছেলে ফুটবল খেলেছেন এমন নজীর কতগুলি আছে ?

363. পেলে কি কোন সময়ে কলকাতা মাঠে খেলেছেন ?

364. ইউরোপীয়ান কাপের খেলা কবে থেকে শুরু হয় ?

365. সর্বপ্রথম ফুটবল খেলা হয় কোন দেশে ?

366. পাওলো রসি-র জন্ম কত সালে ?

367. দিয়েগো মারাদোনা কোন সালে জন্মগ্রহণ করেন ?

368. পি. কে. ব্যানার্জির পুরো নাম কি ?

369. ফুটবল খেলা পরিচালনা করতে গিয়ে একজন রেফারী প্রথম কবে বাঁশীর ব্যবহার করেন ?

370. ভারতের প্রথম ক্রীড়ামন্ত্রীর নাম কি ?

ফুটবল ক্যুইজ সমাধান

1. 100 গজের কম বা 130 গজের বেশি হবে না।

2. 50 গজের কম বা 100 গজের বেশি হবে না।

3. 8 গজ। 4. 20×6 গজ। 5. 44 গজ।

6. 18 গজ। 7. 12 গজ। 8. 1 গজ।

9. 10 গজ। 10. 5 ইঞ্চি।

11. মাঠের সীমানা থেকে বাইরের দিকে 5 ইঞ্চি রেখা টানতে হবে।

12. 5 ফুট। 13. 8 ফুট। 14. সাদা।

15. 27—28 ইঞ্চি। 16. চামড়ার।

17. 396 গ্রাম—453 গ্রাম।

18. গোল পোষ্ট দুটির উপর আড়াআড়িভাবে যে খুঁটি থাকে তাকে ক্রশবার বলে।

19. 7-32 মিটার। 20. 5 ইঞ্চির বেশি নয়।

21. আধ ইঞ্চির বেশি নয়। 22. প্রতি দলে 11 জন করে।

23. একজন রেফারী ও দুজন লাইন্সম্যান (বর্তমানে তিনজন লাইন্সম্যানও নামানো হয়)।

24. 2 জন। 25. 45+45 মিনিট (বিরতি 10 মিনিট)।

26. যে দল সেন্টার করছে তাদের একজনের পায়ে বল লেগে 18 ইঞ্চি পর্যন্ত গেলে খেলা শুরু হয়েছে বলে ধরে নেওয়া হয়।

27. 10 গজের বাইরে। 28. 2—10 মিটারের মধ্যে।
29. ইন্‌ডাইরেক্ট ও ডাইরেক্ট ফ্রি-কিক এবং পেনাল্টি কিক।
30. 1848 সালে। 31. কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ।
32. 1863 সালে। 33. ইংল্যাণ্ডে। 34. 1898 সালে।
35. 1904 সালে। 36. 1904 সালের 21 মে।
37. Federation International de Football Association.
38. মুঁসিয়ে জুলে রিমে। 39. 23 বছর।
40. মুঁসিয়ে জুলে রিমে। 41. 1930 সালে।
42. জুলে রিমে কাপ। 43. উরুগুয়ে।
44. ব্রাজিল। 45. ফিফা ওয়ার্ল্ড কাপ। 46. 4 বছর।
47. ব্রাজিল ও ইতালি। 48. উরুগুয়ে ও পশ্চিম জার্মানী।
49. 1966 সালে। 50. ব্রাজিল। 51. 12 বার।
52. বিশ্বকাপকে। 53. 36 সেমি.। 54. 18 ক্যারেট।
55. সিলভিও গাজানিও। 56. বার্তোনি। 57. 150 জন।
58. উরুগুয়ে। 59. 13টি দল। ফাইনালের ফলাফল : উরুগুয়ে-4, আর্জেন্টিনা-২। 60. ব্রাজিল ও ইতালি।
61. পশ্চিম জার্মানী। 62. 1934 সালে। ইতালিতে।
63. 1938 সালে। ফ্রান্সে। 64. ইতালি। 65. ব্রাজিলে। 1950 সালে। 66. উরুগুয়ে। 67. সুইজারল্যাণ্ডে।
68. পশ্চিম জার্মানী। 69. 1958 সালে। 70. ব্রাজিল।
71. 1962 সালে, চিলিতে। 72. 3—1 গোলে।
73. 1966 সালে, ইংল্যাণ্ডে। 74. ইংল্যাণ্ড। 75. মেক্সিকোয়।
76. ব্রাজিল, ইতালিকে। 77. পশ্চিম জার্মানীতে।
78. পশ্চিম জার্মানী হল্যাণ্ডকে হারিয়ে জয়ী হয়।
79. আর্জেন্টিনায়। আর্জেন্টিনা জয়ী হয়। 80. ইতালি।
81. উরুগুয়ে, ইতালি, ইংল্যাণ্ড, পশ্চিম জার্মানী ও আর্জেন্টিনা।
82. ফ্রান্সের লুই লরেন্ট। 83. ফ্রান্স ও মেক্সিকোর মধ্যে।
84. আর্জেন্টিনার স্টাবিল (৪টি)।
85. চেকোস্লাভাকিয়ার নেজেদলি, ইতালির শিয়াভিও এবং জার্মানীর ফনেন।

86. পেলে, ববি চার্লটন, স্লেলিনজার, উয়েজ্জিলার ও কারবাজল।
87. বেলজিয়ামের ফরোয়ার্ড ফ্লোরেন্স।
88. সুইডেনের জোনাসন। 89. হল্যাণ্ডের রেনসেনব্রিঙ্ক।
90. ফ্রান্সের ফনটাইনের (13টি)। 91. দিনোডফ।
92. ইতালির পাওলো রসি। 93. 1958 সালে।
94 এড্সন আরেন্তেস দো নাসিমেন্টো।
95. 1940 সালে 23 অক্টোবর। 96. 1278টি।
97. 1977 সালে। 98. মেক্সিকোর এন্টনীও কার্বাঞ্জলে (5 বার)।
99. 1962 সালে। 100. ইউসোবিও।
101. কেম্পেস। 102. পেলের জয়সূচক গোলে।
103. 5টি। 104. 5টি। 105. ইংল্যাণ্ডের।
106. পশ্চিম জার্মানী। 107. পুসকাস।
108. দিয়েগো মারাদোনা। 109. পেলে।
110. ব্রাজিলের জিকোকে। 111. পশ্চিমে জার্মানী।
112. ইতালির মার্কোতারদেলি। 113. 1900 সালে।
114. ব্রিটেন। 115. 1904 সালে। 116. কানাডা।
117. 1908 সালে। 118. ব্রিটেন, ডেনমার্ক ও হল্যাণ্ড।
119. ষ্টকহোম। 120. ব্রিটেন। 121. ডেনমার্ক ও হল্যাণ্ড।
122. রোম ওলিম্পিকে। 123. পোল্যাণ্ড।
124. বেলজিয়াম। 125. স্পেন ও হল্যাণ্ড।
126. উরুগুয়ে। 127. উরুগুয়ে দল।
128. বার্লিন ওলিম্পিকে। 129. নরওয়ে।
130. অস্টিয়া দলকে। 131. 1948 সালে ইংল্যাণ্ড ওলিম্পিকে।
132. হেলসিঙ্কি ওলিম্পিকে। 133. মেলবোর্ন ওলিম্পিকে।
134. রোম ওলিম্পিকে। 135. রোম ওলিম্পিকে।
136. হাঙ্গেরী। 137. মেক্সিকো ওলিম্পিকে।
138. পূর্ব জার্মানী। 139. পোল্যাণ্ড। 140. 3 বার।
141. ব্রিটেন ও উরুগুয়ে। 142. হল্যাণ্ড ও রাশিয়া।
143. চেকোস্লাভাকিয়া, পূর্ব জার্মানী ও রাশিয়া।
144. 1968-র মেক্সিকো ওলিম্পিকে। 145. যুগোস্লাভিয়া।

146. প্যারিস ওলিম্পিকে 1924 সালে।
147. তিনটি রূপো ও একটি ব্রঞ্জ পদক লাভ।
148. আমেরিকার লস-এঞ্জলসে (1984)।
149. ফ্রান্স। 150. ফ্রাঙ্কো ব্রিস ও ড্যানিয়েল ইউরেব।
151. এ্যানটুর্য়াপ ওলিম্পিকে। 152. 1956 সালে।
153. নেভিল ডিসুজা। 154. ডেনমার্ক (17—1)।
155. 6টি 156. ইরানকে। 157. 12টি।
158. সোনা। 159. চীন।
160. 1962-র জাকার্তা এশিয়াডে। 161. 8টি
162. বার্মার। 163. বার্মা ও দক্ষিণ কোরিয়া।
164. 15টি। 165. ইরান।
166. উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া। 167. 16টি।
168. ইরাক। 169. 2 বার। 170. 2 বার।
171. 2 বার। 172. 2 বার। 173. 2 বার।
174. দক্ষিণ কোরিয়া (3 বার)।
175. 2 বার ব্রোঞ্জ পদক লাভ। 176. 15—1।
177. 1982-র দিল্লী এশিয়াডে (16 টি)।
178. 1801 সালে। 179. ক্যালকাটা ক্লাব।
180. 1772 সালে। 181. নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারীকে।
182. 1854 সালে। 183. 1898 সালে।
184. 1904 সালে। 185. মোহনবাগান ও এরিয়ান।
186. 1915 সালে। 187. 1921 সালে।
188. 1924 সালে। 189. 1928 সালে।
190. 1934 সাল থেকে। 191. গ্লস্টার্স দল।
192. রেঞ্জার্স দল। 193. মহমেডান।
194. 1934 সালে।
195. মহমেডান (1934, '35, '36, '37, ও '38 সালে)।
196. 1939 সালে। 197. 1942 সালে।
198. 1958 সালে। 199. 4 বার। 200. 8 বার।
201. 3 বার। 202. 4 বার (1962, '63, '64, ও '65)।

203. 6 বার (1970, '71, '72, '73, '74, ও'75)।

204. 5 বার। 205. 16 বার। 206. 7 বার।

207. 4 বার। 208. 1947 সালে।

209. মোহনবাগান। 210. মোহনবাগান।

211. নায়ার (ইস্টবেঙ্গল), 35টি। 212. 4 বার।

213. 4 বার। 214. আপ্‌পালারাজু।

215. আবিদ, অসীম মৌলিক, সুরজিৎ সেনগুপ্ত ও সাব্বির আলি।

216. মেওয়ালাল। 217. অসীম মৌলিক।

218. 5 বার। 219. মেওয়ালাল ও দেবু ঘোষ।

220. আকবর ও সুরজিৎ সেনগুপ্ত। 221. 1979 সালে।

222. 1981 সালে। 223. অমিতাভ মুখার্জী ও প্রণব বসু।

224. 1961 সালে। 225. শ্যাম থাপা।

226. 1962 সালে। 227. 1893 সালে।

228. 13টি। 229. শোভাবাজার ক্লাব।

230. ডব্লিউ ডি আর এ। 231. 5 বার।

232. মোহনবাগান। 233. 1911 সালে।

234. শিবদাস ভাদুড়ী। 235. হীরালাল মুখার্জী।

236. হীরালাল মুখার্জী, ভূতি সুকুল, সুধীর কুমার চ্যাটার্জি, মনোমোহন মুখার্জী, রাজেন্দ্রনাথ সেনগুপ্ত, নীলমাধব ভট্টাচার্য, কানু রায়, হাবুল সরকার, অভিলাষ ঘোষ, শিবদাস ভাদুড়ী ও বিজয়দাস ভাদুড়ী।

237. ইষ্টইয়র্ক দলকে। 238. 2—1।

239. শিবদাস ভাদুড়ী ও অভিলাষ ঘোষ।

240. ক্রেসী।

241. সেন্ট জেভিয়ার্স, রেঞ্জার্স, রাইফেল বিগ্রেড ও মিডলসেক্সকে।

242. 1936 সালে। 243. 1943 সালে।

244. 1940 সালে। 245. 1955 সালে।

246. 1953 সালে। 247. বি এণ্ড এ রেলওয়ে।

248. বি এন আর। 249. 3 বার।

250. 1976 সালে। 251. 6 বার।

252. 1946 সালে। 253. 6 বছর।

254. চুনী গোস্বামী। 255. 1969, '70, ও' 71 সালে।
256. গৌতম সরকার। 257. শ্যামল ব্যানার্জি।
258. 1974 সালে। 259. 1978 সালে।
260. ডাঃ আর সি সেন (নসা)।
261. ইষ্টবেঙ্গলের। 262. 1964 সালে।
263. শান্ত মিত্র। 264. 1969 সালে।
265. ইষ্টবেঙ্গলের। 266. 1978 সালে।
267. মিহির বসু। 268. ভাস্কর গাঙ্গুলী।
269. গৌতম সরকার। 270. 1976 সালে।
271. থঙ্গরাজ, তরুণ বসু, ভাস্কর গাঙ্গুলী।
272. নঈমুদ্দিন, চিন্ময় চ্যাটার্জি, সত্যজিৎ মিত্র।
273. প্রশান্ত ব্যানার্জি, অমলরাজ, সমরেশ চৌধুরী।
274. সুরজিৎ সেনগুপ্ত, হাবিব, আকবর।
275. 1956 সাল থেকে। 276. 1977 সালে।
277. 1965 সালে। 278. রাম বাহাদুর।
279. সুরজিৎ সেনগুপ্ত, লতিফুদ্দিন, প্রসূন ব্যানার্জি।
280. 3 জন। 281. গোষ্ঠ পাল, শৈলেন মান্না, চুনী গোস্বামী।
282. 1961 সালে। 283. পি. কে ব্যানার্জি।
284. 1963 সালে। 285. থঙ্গরাজ।
286. প্রসূন ব্যানার্জি। 287. মহম্মদ হাবিব।
288. সুধীর কর্মকার। 289. পি. কে. ব্যানার্জি ও প্রসূন ব্যানার্জি।
290. 1925 সালে। 291. ইষ্টবেঙ্গল।
292. 1936 সালে। 293. 1888 সাল থেকে।
294. রয়াল স্কট ফুসি। 295. 1940 সালে।
296. 1951—52 সালে। 297. 1953 সালে।
298. 1960 সালে। 299. 1891 সালে।
300. প্রথম উস্টার্স রেজিঃ। 301. 1940 সালে।
302. 1949 সালে। 303. 1955 সালে।
304. মহমেডান, 1940 সালে। 305. বাঙ্গালোর মুসলিম দল।
306. বি. এন. আর। 307. 1942 সালে।

308. 6টি। 309. উরুগুয়ে। 310. 7টি।
311. হাঙ্গেরী। 312. 6টি। 313. পোল্যাণ্ড।
314. 1889 সালে। 315. 1920 সালে।
316. 1891 সালে। 317. 1889—'90 সালে।
318. 1945 সালে। 319. নিউ দিল্লীর হিরোস এস. সি।
320. 1977 সালে। 321. এর্নাকুলামে।
322. আই. টি. আই। 323. মহমেডান।
324. 1948 সালে ইংল্যাণ্ড ওলিম্পিকে। 325. টি. আও।
326. শৈলেন মান্না। 327. 1872 সালে।
328. ওয়াণ্ডার্স ক্লাব। 329. অস্টন ভিলা (7 বার)
330. ইউনিয়ন অব ইউরোপীয়ান ফুটবল এ্যাসোসিয়েশন।
331. 1954 সালে। 332. ইণ্ডিয়ান ফুটবল এ্যাসোসিয়েশন।
333. 1893 সালে। 334. 1893 সালে।
335. 1894 সালে। 336. 1942 সালে।
337. কলকাতায়। 338. বাংলা দল।
339. বাংলা দল। 340. 1979 সালে।
341. 1960 সালে। 342. 1956 সালে।
343. 1947 সালে। 344. 1952 সালে।
345. 1974 সালে। 346. 1957 সাল থেকে।
347. প্রতুল চক্রবর্তী। 348. ক্যালকাটা রেফারিজ এ্যাসোসিয়েশন।
349. সি. আর. এ। 350. ইক্রামুল হক।
351. 1889 সালে। 352. ডালহৌসী।
353. 1962 সালে। 354. 1983 সালে।
355. মহমেডান। 356. 1935 সালে।
357. 1937 সালে।
358. ক্যালকাটা। ডালহৌসীকে হারায় 6—0 গোলে।
359. 1978 সালে। 360. 1936 সালে।
361. মহম্মদ আকবর (14 সেকেণ্ড)।
362. 5টি। (মনোমোহন চ্যাটার্জি ও পুত্র বিমল মুখার্জি। সুবোধ ব্যানার্জি ও পুত্র শিবাজী ব্যানার্জি। মঈন ও পুত্র লতিফুদ্দিন।

উমাপতিকুমার ও পুত্র বাবলুকুমার এবং বাঘা সোম ও তাঁর দুই পুত্র অসীম সোম ও তাপস সোম।

363. হ্যাঁ। কসমস ক্লাবের হয়ে মোহনবাগানের বিরুদ্ধে।

364. 1955—56 সাল থেকে। 365. চীন দেশে।

366. 1956 সালে। 367. 1961 সালে।

368. প্রদীপকুমার ব্যানার্জি।

369. 1878 সালে। 370. বুটা সিং।





ক্রিকেট ক্যুইজ

1. একটি ক্রিকেট মাঠের মাপ কত ?
2. ক্রিকেট মাঠের পীচ কোনটি ?
3. একটি ক্রিকেট পীচের দৈর্ঘ্য কত ?
4. একটি ক্রিকেট পীচের প্রস্থ কত ?
5. 'বোলিং ক্রিজ' কি ?
6. 'পপিং ক্রিজ' কি ?
7. উইকেট কাকে বলে ?
8. স্টাম্পগুলি সাধারণতঃ কি দিয়ে তৈরি হয় ?
9. কিভাবে স্টাম্পগুলি পোঁতা হয় ?
10. একটি স্টাম্প-এর উচ্চতা কত ?
11. তিনটি স্টাম্প কতটা জায়গা জুড়ে অবস্থান করে ?
12. 'বেল' কাকে বলে ?
13. একটি বেলের দৈর্ঘ্য কত ?
14. একটি বেলের উচ্চতা কত ?
15. একটি ক্রিকেট বলের ওজন কত ?
16. একটি ক্রিকেট বলের পরিধি কত ?
17. ক্রিকেট বলের রং সাধারণতঃ কেমন হয় ?
18. একটি ক্রিকেট ব্যাটের দৈর্ঘ্য কত হওয়া উচিত ?
19. একটি ক্রিকেট ব্যাট চওড়ায় কত হয় ?
20. একটি ক্রিকেট ব্যাটের ওজন কত ?

21. ক্রিকেট ম্যাচে একটি দলে কতজন খেলোয়াড় অংশ গ্রহণ করে ?
22. অতিরিক্ত থাকে কতজন খেলোয়াড় ?
23. একটি ক্রিকেট ম্যাচ পরিচালনার জন্য কতজন আম্পায়ার নিয়োগ করা হয় ?
24. ফলোঅন্ কি ?
25. একটি ওভারে সাধারণতঃ কতগুলি বল করা হয় ?
26. মেডেন ওভার কি ?
27. লস্ট বল কি ?
28. 'ডেড বল' হওয়ার কারণগুলির মধ্যে দুটি কি কি ?
29. বাউণ্ডারী কাকে বলে ?
30. বল বাউণ্ডারী অতিক্রম করলে কত রান হয় ?
31. ওভার বাউণ্ডারী কাকে বলে ?
32. ওভার বাউণ্ডারীতে কত রান পাওয়া যায় ?
33. অতিরিক্ত রান সাধারণতঃ কত প্রকারের ?
34. ঐ রানগুলি কি কি ?
35. নো-বল' কি ?
36. নো-বলে কত রান হয় ?
37. নো-বল কি ওভারের মধ্যে পড়ে ?
38. 'ওয়াইড' কাকে বলে ?
39. ওয়াইড বলে কত রান পাওয়া যায় ?
40. 'বাই' কি ?
41. 'বাই' কি ওভারের মধ্যে ধরা হয় ?
42. 'লেগ-বাই' কি ?
43. 'লেগ-বাই' কি ওভারের মধ্যে ধরা হয় ?
44. বোল্ড আউট কখন হয় ?
45. হিট উইকেট আউট কখন হয় ?

46. 'কট' কি ?
47. 'স্টাম্পড' কি ?
48. 'লেগ বিফোর উইকেট' আউট কখন হয় ?
49. ব্যাটসম্যান রান আউট কখন হয় ?
50. 'অবস্ট্রাক্টিং দি ফিল্ড' কি ?
51. 'হ্যাণ্ডলড দি বল' কি ?
52. 'হিট দি বল টোআইস' কি ?
53. 'ড্রাইভ' কাকে বলে ?
54. ড্রাইভ মার কত প্রকারের হতে পারে ?
55. ঐ গুলি কি কি ?
56. অফ ড্রাইভ কাকে বলে ?
57. অন ড্রাইভ কাকে বলে ?
58. স্ট্রেট ড্রাইভ কাকে বলে ?
59. কভার ড্রাইভ কাকে বলে ?
60. 'কাট' কাকে বলে ?
61. 'কাট' সাধারণতঃ কত প্রকারের হয় ?
62. ঐগুলি কি কি ?
63. লেট কাট কাকে বলে ?
64. স্কোয়ার কাট কাকে বলে ?
65. 'হুক' কাকে বলে ?
66. 'স্যুইং' কাকে বলে ?
67. 'ইনস্যুইং' কাকে বলে ?
68. 'আউট স্যুইং' কাকে বলে ?
69. 'স্পিন' কাকে বলে ?
70. 'গুগলি' কাকে বলে ?
71. 'লেগ-গ্লান্স' কাকে বলে ?

72. ক্রিকেটে বদলী খেলোয়াড় কি উইকেট কিপিং করতে পারে ?
73. মেডেন উইকেট কি ?
74. একজন ব্যাটসম্যান আউট হবার পর অপর ব্যাটসম্যানকে কতক্ষণের মধ্যে মাঠে নামতে হবে ?
75. একজন ব্যাটসম্যান আউট হয়ে গেলে আম্পায়ার কিভাবে সংকেত প্রদান করেন ?
76. আম্পায়ার বাউণ্ডারী হওয়ার সংকেত দেন কিভাবে ?
77. ওভার বাউণ্ডারী হলে আম্পায়ার কিভাবে সংকেত দেন ?
78. নো-বল হলে আম্পায়ার কি করেন ?
79. আম্পায়ার 'বাই' কিভাবে বোঝান ?
80. 'লেগ-বাই' কিভাবে দেখান আম্পার ?
81. আম্পায়ার 'ওয়াইড' বলের সংকেত প্রদান করেন কিভাবে ?
82. একটি টেস্ট ম্যাচে ক'টি করে ইনিংস খেলা হয় ?
83. একটি ইনিংস শেষ হওয়ার পর আরেকটি ইনিংস কতক্ষণ পরে শুরু হয় ?
84. 'টাই' কি ?
85. 'টাই' আর 'ড্র' কি এক রকমের ?
86. খেলা শুরুর কতক্ষণ আগে ক্রিকেটে টস করা হয় ?
87. আম্পায়ার কিভাবে ক্রিকেট খেলা শেষ হওয়ার সংকেত দেন ?
88. ক্রিকেটে দ্বাদশ খেলোয়াড়ের কাজ কি ?
89. প্রথম শ্রেণীর ম্যাচে সাধারণতঃ কত ওভার পরে নতুন বল নেওয়া হয় ?
90. একটি ক্রিকেট ম্যাচে সাধারণতঃ কতজন স্কোরার থাকে ?
91. 'র‍্যাবিট' কাদের বলে ?

92. 'ফুল টস' কাকে বলে ?
93. 'আর্মার' কাকে বলে ?
94. 'গুডলেন্থ' কি ?
95. 'ইয়র্কার' কি ?
96. 'টপ স্পিন' কি ?
97. 'চায়নাম্যান' কি ?
98 ক্রিকেটে 'নাইট ওয়াচম্যান' বলতে কি বোঝায় ?
99. 'শর্ট পীচ' বল কাকে বলে ?
100. ক্রিকেটে 'হাফ ভলি' কাকে বলে ?
101. ক্রিকেট খেলার উদ্ভব হয় কোন দেশে ?
102. কত খ্রীষ্টাব্দে প্রথম ক্রিকেট খেলার উল্লেখ পাওয়া যায় ?
103. কোন স্থানে সর্বপ্রথম ক্রিকেট খেলা হয় ?
104. ইংল্যাণ্ডের বাইরে প্রথম কবে ক্রিকেট খেলা হয় ?
105. কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে প্রথম কবে ক্রিকেট খেলা হয় ?
106. ইংল্যাণ্ডে প্রথম কাউন্টি ম্যাচ কবে খেলা হয় ?
107. প্রথম কাউন্টি ম্যাচে কোন কোন দল অংশ নিয়েছিল ?
108. ক্রিকেট খেলার নিয়মাবলী প্রথম কবে প্রকাশিত হয় ?
109. সর্বপ্রথম ক্রিকেটের নিয়মাবলী প্রচার করেছিলেন কারা ?
110. কত খ্রীস্টাব্দে প্রথম ক্রিকেট খেলার সরঞ্জাম বিক্রির জন্য দোকান প্রতিষ্ঠিত হয় ?
111. ক্রিকেট খেলায় প্রথম শতরান করেন কোন খেলোয়াড় ?
112. ইংল্যাণ্ডের লর্ডস মাঠে প্রথম কবে ক্রিকেট ম্যাচ খেলা হয় ?
113. কার নাম অনুসারে 'লর্ডস' নামকরণ হয়েছে ?
114. কোন সালে এম. সি. সি. লর্ডস মাঠে প্রথম ক্রিকেট ম্যাচ খেলে ?

115. এম. সি. সি. কথার পুরো অর্থ কি ?
116. ক্রিকেট খেলার পদ্ধতি নিয়ে প্রথম বই প্রকাশিত হয় কবে ?
117. ক্রিকেটে প্রথম প্রতিযোগিতা হয় কবে ?
118. প্রথম ক্রিকেট প্রতিযোগিতায় কোন কোন দল অংশ নিয়েছিল ?
119. প্রথম শ্রেণীর ক্রিকেটে সর্বনিম্ন রান কত ?
120. একই ম্যাচে প্রথম দুটি শতরান হয় কবে ?
121. ক্রিকেট ম্যাচে প্রথম দ্বিশত রান হয় কবে ?
122. প্রথম কাউন্টি ক্লাব প্রতিষ্ঠিত হয় কবে ?
123. কোন বছর লর্ডস মাঠে প্রথম টেলিগ্রাফ স্কোরবোর্ড চালু হয় ?
124. সর্বপ্রথম মহিলাদের ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয় কবে ?
125. মহিলাদের প্রথম কাউন্টি ক্রিকেট ম্যাচ কবে হয় ?
126. মহিলাদের প্রথম ক্রিকেট ক্লাব তৈরি হয় কবে ?
127. মহিলাদের প্রথম টেস্ট ম্যাচে কোন দল জয়লাভ করে ?
128. প্রথম কোন বছর পরপর তিনটি বলে তিনজন ব্যাটসম্যান আউট হয় ?
129. কোন বছর মিডলেসেক্স ক্লাব প্রতিষ্ঠিত হয় ?
130. ল্যাঙ্কাশায়ার ক্রিকেট ক্লাব কবে প্রতিষ্ঠিত হয় ?
131. ইংল্যাণ্ড ক্রিকেটের জনক উইলিয়াম গিলবার্ট গ্রেসের জন্ম কত সালে ?
132. গ্রেস প্রথম শ্রেণীর ক্রিকেটে অংশগ্রহণ করেন কবে ?
133. অস্ট্রেলিয়া ক্রিকেট দল প্রথম ইংল্যাণ্ড সফরে আসে কবে ?
134. লর্ডস মাঠে প্রথম ভারী রোলার ব্যবহার করা হয় কবে ?

135. প্রথম কোন ব্যাটসম্যান এক মরশুমে ত্'হাজার রান করেন ?

136. ইংল্যাণ্ডে কাউন্টি ক্রিকেট চ্যামপিয়নশীপের খেলা শুরু হয় কবে ?

137. কাউন্টি ক্রিকেট প্রতিযোগিতায় প্রথম চ্যাম্পিয়ন হয় কোন দল ?

138. ক্রিকেটে প্রথম ডাবল অর্জন করেন কোন খেলোয়াড় ?

139. ইংল্যাণ্ডে প্রথম টেস্ট অনুষ্ঠিত হয় কবে ?

140. দক্ষিণ আফ্রিকায় প্রথম ক্রিকেট কণ্ট্রোল বোর্ড প্রতিষ্ঠিত হয় কবে ?

141. ক্রিকেটে প্রথম ত্রিপল সেঞ্চুরী করেন কে ?

142. অস্ট্রেলিয়ায় প্রথম ক্রিকেট কণ্ট্রোল বোর্ড প্রতিষ্ঠিত হয় কবে ?

143. সর্বপ্রথম টেস্ট ম্যাচ টেলিভিশনে দেখান হয় কবে ?

144. কোন মাঠ থেকে প্রথম টেলিভিশনে টেস্ট ম্যাচ দেখানো হয় ?

145. 5 দিনের টেস্ট ম্যাচের প্রচলন হয় কবে থেকে ?

146. টেস্ট ম্যাচে প্রথম 'টাই' হয়েছিল কবে ?

147. প্রথম 'টাই' ম্যাচে কোন ছুটি দল প্রতিদ্বন্দ্বিতা করে ?

148. আন্তর্জাতিক মহিলা ক্রিকেট পর্ষদ গঠিত হয় কোন বছর ?

149. মহিলা ক্রিকেটে প্রথম টেস্ট সেঞ্চুরী করেন কে ?

150. মহিলাদের প্রথম শ্রেণীর ক্রিকেটে প্রথম ডাবল সেঞ্চুরী করেন কে ?

151. মহিলাদের ক্রিকেট টেস্টে প্রথম হ্যাটট্রিকের সম্মান লাভ করেন কে ?

152. কোন বছর এম. সি. সি. প্রথম বিদেশ সফর করে ?

153. 1946-47 সালে অস্ট্রেলিয়া সফররত ইংল্যাণ্ড দলের নেতৃত্ব দিয়েছিলেন কোন বিখ্যাত খেলোয়াড় ?
154. জন স্নো কোন দেশের শ্রেষ্ঠ দ্রুততম বোলার ?
155. অ্যালান নট্ কোন দেশের উইকেটরক্ষক ?
156. ওয়াসিম বারি কোন দেশের উইকেট রক্ষক ?
157. প্রতি ইনিংসের শেষে পীচকে নতুনভাবে সাজাবার অনুমতি দেওয়া হয় কবে ?
158. ওয়েস্টইণ্ডিজ ক্রিকেটের জনক বলা হয় কোন ব্যক্তিকে ?
159. ওয়েস্টইণ্ডিজ ক্রিকেট বোর্ড গঠিত হয় কবে ?
160. ওয়েস্টইণ্ডিজ সর্বপ্রথম টেস্ট ম্যাচ খেলে কবে ?
161. ইংল্যাণ্ড দল সর্বপ্রথম ওয়েস্টইণ্ডিজে খেলতে যায় কবে ?
162. ওয়েস্টইণ্ডিজের তিন ডব্লিউ কারা ?
163. ওয়েস্টইণ্ডিজের দুই বিখ্যাত স্পিনার কে কে ?
164. ওয়েস্টইণ্ডিজ টেস্ট ম্যাচ খেলতে প্রথম ভারতে আসে কবে ?
165. কোন বছর ভারত ওয়েস্টইণ্ডিজের কাছে সিরিজের পাঁচটি টেস্টেই পরাজিত হয় ?
166. ওয়েস্টইণ্ডিজ কবে প্রথম ইংল্যাণ্ডে টেস্ট সিরিজ খেলতে যায় ?
167. সর্বপ্রথম ইংল্যাণ্ডের মাটিতে ইংল্যাণ্ডকে টেস্টে পরাজিত করে কোন দল ?
168. ওয়েস্টইণ্ডিজ প্রথম পাকিস্থানে টেস্ট সিরিজ খেলতে যায় কবে ?
169. অস্ট্রেলিয়ার মেলবোর্ন ক্রিকেট ক্লাব গড়ে ওঠে কবে ?
170. অস্ট্রেলিয়ার অ্যালবার্ট ক্রিকেট ক্লাব কবে প্রতিষ্ঠিত হয় ?
171. ক্রিকেট জগতে অস্ট্রেলিয়ার 'দানব' বলা হয় কাকে ?

172. অস্ট্রেলিয়া প্রথম টেস্ট ম্যাচ খেলে কবে ?
173. পাকিস্তান আন্তর্জাতিক ক্রিকেট সম্মেলনের অনুমোদন পায় কবে ?
174. কোন বছর পাকিস্তান প্রথম ভারতে খেলতে আসে ?
175. টেস্ট ক্রিকেটে পাকিস্তান প্রথম জয় পায় কোন দেশের বিরুদ্ধে ?
176. টেস্ট ক্রিকেটে নিউজিল্যাণ্ডের আত্মপ্রকাশ কবে ?
177. নিউজিল্যাণ্ড সর্বপ্রথম ক্রিকেট টেস্ট খেলে কোন দেশের বিরুদ্ধে ?
178. ভারতের কোন ক্রিকেটার এম. সি. সি-র হয়ে নিউজিল্যাণ্ড সফর করেছেন ?
179. দক্ষিণ আফ্রিকা নিউজিল্যাণ্ডে খেলতে আসে কোন বছর ?
180. নিউজিল্যাণ্ড ও অস্ট্রেলিয়া দলের মধ্যে প্রথম কবে ক্রিকেট খেলা হয় ?
24. অল ইংল্যাণ্ড ব্যাডমিণ্টন চ্যামপিয়নশিপ শুরু হয় কবে ?
25. 1976 সালে পুরুষ সিঙ্গেলসে অল ইংল্যাণ্ড ব্যাডমিণ্টন চ্যামপিয়নশিপে জয়লাভ করে কে ?
26. সবচেয়ে কম বয়সে অল ইংল্যাণ্ড ব্যাডমিণ্টনে বিজয়ী হয় কে ?
27. প্রথম অল ইংল্যাণ্ড ব্যাডমিণ্টন চ্যামপিয়নশিপে জয়লাভ করে কে ?
28. ইউরোপীয়ান নন এমন কোন খেলোয়াড় প্রথম অল ইংল্যাণ্ড ব্যাডমিণ্টনে পুরুষ সিঙ্গেলসে্ চ্যামপিয়ন হন ?
29. ব্যাডমিণ্টনের সবচেয়ে বড়ো প্রতিযোগিতা কোন দুটি ?
30. 'টমাস কাপ' নামকরণ কেন হয় ?
31. টমাস এবং উবের কাপ পরিচালনা করেন কারা ?

32. ইণ্ডিয়ান ব্যাডমিণ্টন এ্যাসোসিয়েশন গঠিত হয় ?
(ক) 1950 (খ) 1936 (গ) 1934।
33. বিশ্বে প্রথম ব্যাডমিণ্টন সংস্থা গড়ে ওঠে কোথায় ?
34. এশিয়ান গেমসে ব্যাডমিণ্টন অন্তর্ভুক্ত হয় ?
(ক) 1962 (খ) 1974 (গ) 1958।
35. কমনওয়েলথ গেমসে ব্যাডমিণ্টন চালু হয় কবে ?
36. কোন ব্যাডমিণ্টন খেলোয়াড় প্রথম অর্জুন পুরস্কার পান ?
(ক) প্রকাশ পাড়ুকন (খ) সৈয়দ মোদী (গ) নানড়ু নাটকর ?
37. লিয়েম স্যুই কিং কোন দেশের খেলোয়াড় ?
(ক) জাপান (খ) ইন্দোনেশিয়া (গ) চীন।
38. কোন ভারতীয় ব্যাডমিণ্টন খেলোয়াড় দেশের পক্ষে টমাসকাপে অংশগ্রহণ করেননি অথচ অল ইংল্যাণ্ড চ্যামপিয়নশিপের ফাইনালে পৌঁছতে পেরেছেন ?
(ক) প্রকাশনাথ (খ) প্রকাশ পাড়ুকন (গ) সতীশ ভাটিয়া।
39. পুরুষদের সিঙ্গেলস ব্যাডমিণ্টনে প্রথম জাতীয় চ্যামপিয়ন হন কে ?
40. 1984 সালে কোন বাঁ-হাতি খেলোয়াড় জাতীয় ব্যাডমিণ্টন চ্যামপিয়নশিপে বিজয়ী হন ?

ব্যাডমিণ্টন ক্যুইজ সমাধান

1. 13·40 মিটার।
2. 6·10 মিটার।
3. 1·5—2 সেণ্টিমিটার।
4. 5 ফুট।
5. সাটল্‌কক্‌।
6. 2·5—2·9 সেণ্টিমিটার।
7. 14—16টি।
8. 4·73—5·51 গ্রাম।

9. ইন্দোনেশিয়া। 10. চীনের চিয়া চেইন চু।
11. মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া। 12. চীনের লিম সিয়া।
13, দক্ষিণ কোরিয়া। 14. সুগিয়াতো ও হাদি আনতো।
15. চীন। 16. প্রকাশ পাড়ুকন ও সৈয়দ মোদী।
17. ইন্দোনেশিয়ার লিয়েন সুই কিংকে। 18. ডেনমার্ক।
19. (খ) ডেনমার্ক। 20. 1979 সালে।
21. রুডি হার্তোনো। 22. রুডি হার্তোনো।
23. ইন্দোনেশিয়া। 24. 1899—1900 সালে।
25. রুডি হারতোনো। 26. রুডি হারতোনো (18 বছর)।
27. পুরুষ : এস. এইচ. স্মিথ এবং মহিলা : ই. টমটন।
28. আমেরিকার ডেভি ফ্রিম্যান।
29. টমাস কাপ এবং উবের কাপ।
30. বিখ্যাত খেলোয়াড় এবং আন্তর্জাতিক ব্যাডমিন্টন এ্যাসোসিয়েশনের প্রথম সভাপতি স্যার জর্জ টমাস কাপটি দান করেন, তাই তাঁর নামানুসারে 'টমাস কাপ'।
31. আন্তর্জাতিক ব্যাডমিন্টন এ্যাসোসিয়েশন।
32. (গ) 1934 সালে। 33. ইংল্যাণ্ডে, 1893 সালে।
34. (ক) 1962 সালে। 35. 1996 সালে।
36. (গ) নানডু নাটকর (1961)। 37. (খ) ইন্দোনেশিয়া।
38. (ক) প্রকাশ নাথ। 39. বিজয় মাডগাভকর।
40. (খ) সতীশ ভাটিয়া।





বাস্কেটবল ক্যুইজ

1. বাস্কেট বল খেলার প্রবর্তক কে ?
2. বাস্কেট বলের প্রচলন হয় কবে ?
3. সর্বপ্রথম বাস্কেট বল খেলা হয় কবে, কোথায় ?
4. কোন ওলিম্পিকে সর্বপ্রথম বাস্কেটবলের প্রদর্শনী ম্যাচ অনুষ্ঠিত হয় ?
5. ওলিম্পিক গেমসে বাস্কেটবল অন্তর্ভুক্ত হয় কোন সালে ?
6. অলিম্পিকে পুরুষ বাস্কেটবলের প্রথম আসরে জয়লাভ করে কোন দল ?
   (ক) আমেরিকা (খ) রাশিয়া (গ) জাপান
7. ওলিম্পিকে মহিলাদের বাস্কেটবল কবে থেকে শুরু হয় ?
8. বাস্কেটবল পুরুষ দলে কতজন খেলোয়াড় থাকতে পারে ?
9. বাস্কেটবলে মহিলা দলে কতজন খেলোয়াড় থাকতে পারে ?
10. একটি বাস্কেটবল কোর্টের দৈর্ঘ্য কত ?
    ক) 26 মি. খ) 25 মি. গ) 24 মি.
11. একটি বাস্কেটবল কোর্টের প্রস্থ কত ?
12. একটি বাস্কেটবল ম্যাচ কতক্ষণ খেলা হয় ?
13. বাস্কেটবল কোর্টের দৈর্ঘ্য ও প্রস্থের রেখাকে কি বলা হয় ?
14. বাস্কেটবল কোর্টের সেন্টার সার্কল বৃত্তের ব্যাসার্ধ কত ?

15. বাস্কেটবল খেলায় কাঠের বোর্ডের সঙ্গে লোহার যে 'রিং' বা আংটা আটকানো থাকে তা মাটি থেকে কত উঁচু ?

16. একটি বাস্কেটের ব্যাস কত ?

17. বাস্কেটবলে 'ফিল্ড গোল'-এ কত পয়েন্ট হয় ?

ক) 2 খ) 3 গ) 4

18. ফ্রি থ্রো থেকে বাস্কেট করতে পারলে কত পয়েন্ট হয় ?

ক) 2 খ) 3 গ) 1

19. একটি বাস্কেট বলের পরিধি কত ?

20. একটি বাস্কেট বলের ওজন কত ?

21. খেলা চলাকালীন বাস্কেটবল কতক্ষণ হাতের মধ্যে আটকে রাখা যায় ?

22. ওলিম্পিকে মহিলা বাস্কেট বলের প্রথম আসরে সোনা পায় কোন দল ?

23. 1980-র মস্কো ওলিম্পিকে বুলগেরিয়াকে হারিয়ে মহিলা বাস্কেটবলে সোনা পায় কোন দেশ ?

24. 1984-র লস এঞ্জেলস ওলিম্পিকে মহিলাদের বাস্কেটবলে বিজয়ী হয় কোন দেশ ?

25. ওলিম্পিকে বাস্কেটবল খেলায় সবচেয়ে বেশিবার সোনা পেয়েছে কোন দেশ ?

26. যুগোশ্লাভিয়া কোন ওলিম্পিকে ইতালিকে পরাজিত করে সোনা জয় করে ?

27. 1984-র লস এঞ্জেলস ওলিম্পিকে বাস্কেটবলের পুরুষ বিভাগে কোন দল বিজয়ী হয় ?

28. এশিয়াডে বাস্কেটবলে বেশিবার সোনা জয় করেছে কোন দেশ ?

ক) ফিলিপাইনস খ) চীন গ) জাপান

29. এশিয়াডের প্রথম আসরে বাস্কেটবলে বিজয়ী হয় কোন দেশ ?
30. 82-র এশিয়াডে বাস্কেটবলে সোনা লাভ করে কোন দেশ ?
31. কোন এশিয়াডে জাপান পুরুষ এবং মহিলা বাস্কেটবলে ব্রোঞ্জ পদক পায় ?
32. আমেরিকার তু'জন বিখ্যাত বাস্কেটবল খেলোয়াড়ের নাম কি ?
33. রাশিয়ার তু'জন বিখ্যাত মহিলা বাস্কেটবল খেলোয়াড় কারা ?
34. যুগোশ্লোভিয়ার বিখ্যাত বাস্কেটবল খেলোয়াড় কে ?
35. আন্তর্জাতিক অ্যামেচার বাস্কেটবল ফেডারেশন গঠিত হয় কবে ?
36. বাস্কেটবল ফেডারেশন অব ইণ্ডিয়া গঠিত হয় কোন বছর ?
37. জাতীয় বাস্কেটবল খেলা শুরু হয় কবে ?
38. পুরুষদের জাতীয় বাস্কেটবলে বিজয়ী দলকে কোন ট্রফি দেওয়া হয় ?
39. মহিলাদের জাতীয় বাস্কেটবলে বিজয়ী দলকে কোন ট্রফি দেওয়া হয় ?
40. প্রথম বিশ্ব বাস্কেটবল চ্যাম্পিয়নশিপের আসর কোথায় অনুষ্ঠিত হয় ?
41. কোন বাস্কেটবল খেলোয়াড় একটি ম্যাচে সর্বাধিক পয়েন্ট অর্জন করে রেকর্ড সৃষ্টি করেন ?
42. বিশ্বের এক নম্বর পেশাদার বাস্কেটবল দল কোনটি ?

43. একটি বাস্কেটবল ম্যাচে কোন দল সর্বাধিক পয়েন্ট অর্জন করে রেকর্ড সৃষ্টি করে ?

44. সবচেয়ে লম্বা মহিলা বাস্কেটবল খেলোয়াড়ের নাম কি ?

45. পৃথিবীর সবচেয়ে লম্বা বাস্কেটবল খেলোয়াড় কে ?

বাস্কেটবল ক্যুইজ সমাধান

1. আমেরিকার ডঃ জেমস নাইস্মিথ।
2. 1811 সালে।
3. 1891—92 সালে, আমেরিকায়।
4. সেণ্টলুইস (1904)।
5. 1936 সালে বার্লিন ওলিম্পিকে।
6. (ক) আমেরিকা।
7. 1976 সালে মণ্ট্রিল ওলিম্পিকে।
8. 12 জন।
9. 6 জন।
10. (ক) 26 মিটার।
11. 14 মিটার।
12. প্রতি অর্ধ 20 মিনিট। 10 মিনিট বিশ্রাম।
13. সাইড লাইন ও এণ্ড লাইন।
14. 1·80 মিটার।
15. 3.05 মিটার।
16. 45 সেন্টিমিটার।
17. (ক) 21।
18. (গ) 1
19. 75—78 সেন্টিমিটার।
20. 600—650 গ্রাম।
21. 5 সেকেণ্ড।
22. রাশিয়া।
23. রাশিয়া।
24. আমেরিকা।
25. আমেরিকা।
26. 1980-র মস্কো ওলিম্পিকে।
27. আমেরিকা।
28. (ক) ফিলিপাইনস।
29. ফিলিপাইনস।
30. পুরুষ বিভাগে দক্ষিণ কোরিয়া ও মহিলা বিভাগে চীন।
31. 82-র দিল্লী এশিয়াডে।
32. চার্লস হোগ ও মাইকেল ব্যারেট।
33. তাতিয়ানা জাখারোভা ও লুলিয়াগ সেমেনোভা।

34. আন্দ্রো রুগো।
35. 1932 সালে।
36. 1950 সালে।
37. 1934 সালে নিউদিল্লীতে।
38. এডওয়ার্ড উইলিয়াম টোড মেমোরিয়াল কাপ।
39. বাসালাট জব ট্রফি।
40. আর্জেন্টিনায়, 1950 সালে।
41. উইল্ট চেম্বারলেন (100 পয়েন্ট)।
42. হারলেম গ্লোবেট্রোট্টারস্।
43. বোসটন দল (173 পয়েন্ট)।
44. রাশিয়ার উলায়ানা সিমাইওনোভা লাটনিয়া (6 ফুট, 9.5 ইঞ্চি)।
45. রাশিয়ার ভাসিলী আকটায়েভ (7ফুট, 7.3 ইঞ্চি)।





ভলিবল ক্যুইজ

1. ভলিবল খেলার প্রচলন হয় কবে ?
2. ভলিবল খেলা সৃষ্টির মূলে কোন ব্যক্তির নাম স্মরণীয় ?
3. 'ভলিবল' নামকরণটি করেন কে ?
4. কোন ওলিম্পিকে ভলিবল প্রথম প্রদর্শনী ম্যাচ হিসেবে খেলা হয় ?
5. ভলিবলের আইনকানুন লিপিবদ্ধ হয় কবে ?
6. ভলিবলের আন্তর্জাতিক ফেডারেশন গঠিত হয় কবে ?
7. ভলিবলে পুরুষদের প্রথম বিশ্বচ্যামপিয়নশিপ প্রতিযোগিতা শুরু হয় কবে ?
8. ভলিবলে মহিলাদের প্রথম বিশ্বচ্যামপিয়নশিপ প্রতিযোগিতা শুরু হয় কবে ?
9. ওলিম্পিকে ভলিবল অন্তর্ভুক্ত হয় কবে?
10. একটি ভলিবল কোর্টের দৈর্ঘ্য কত ?

    ক) 18 মিটার খ) 19 মিটার গ) 20 মিটার
11. একটি ভলিবল কোর্টের প্রস্থ কত ?

    ক) 7 মিটার খ) 9 মিটার গ) 8 মিটার
12. পুরুষদের ক্ষেত্রে ভলিবল নেট মাটি থেকে কত উঁচুতে থাকে ?
13. মেয়েদের ক্ষেত্রে ঐ উচ্চতা কত ?
14. ভলিবল খেলার নেট বা জালের দৈর্ঘ কত ?

15. ভলিবল খেলার নেট বা জালের বুননির ঘর কত বড় ?
16. ভলিবল খেলার জালের খুঁটি দুটি সাইড লাইন থেকে কত দূরে থাকে ?
17. ভলিবলের কোর্ট চিহ্নিত রেখাংশ কত মোটা হয় ?
18. সার্ভিস এলাকার বিস্তার কত ?
19. একটি ভলিবলের ওজন কত ?
20. একটি ভলিবলের ব্যাস কত ?
21. ভলিবলে একটি দলে কতজন খেলোয়াড় থাকে ?
22. ভলিবলে 'টাইম আউট' কি ?
23. টাইম আউটের জন্য কত সময় বরাদ্দ হয় ?
24. ভলিবলে কোর্ট বদল হয় কখন ?
25. ভলিবলে কত পয়েন্ট হলে একটি ম্যাচ কমপ্লিট হয় ?
26. ভলিবলে একটি ম্যাচে কতগুলি গেম হয় ?
27. ভলিবলে এশিয়ার সেরা দেশ কোনটি ?
28 ওলিম্পিক আসরে ভলিবলে প্রথম স্বর্ণপদক লাভ করে কোন দেশ ?
29. ওলিম্পিক ভলিবলে রাশিয়া কতবার বিজয়ী হয়েছে ?
30. কোন ওলিম্পিকে রাশিয়া ফাইনালে পোল্যাণ্ডের কাছে হার স্বীকার করে ?
31. জাপান ওলিম্পিক ভলিবলে কতবার বিজয়ী হয়েছে ?
32. 1984-র ওলিম্পিকে ভলিবলে কোন দেশ জয়লাভ করে ?
33. 1984-র ওলিম্পিকে ভলিবলে রূপো ও ব্রোঞ্জ পদক পায় কারা ?
34- ওলিম্পিকে মহিলা ভলিবলে বেশিবার স্বর্ণপদক পেয়েছে কোন দেশ ?
35. ভলিবলে পৃথিবীর মধ্যে শক্তিশালী দেশ কোনগুলি ?

36. 84-র ওলিম্পিকে মহিলা ভলিবলে স্বর্ণপদক লাভ করে কোন দেশ ?
37. 84-র ওলিম্পিকে মহিলা ভলিবলে রূপো ও ব্রোঞ্জ পদক পায় কারা ?
38. মিউনিখ ওলিম্পিকে পুরুষদের ভলিবলে কোন দল জয়লাভ করে ?
39. এশিয়াডে ভলিবল কবে অন্তর্ভুক্ত হয় ?
40. এশিয়াডে মহিলা ভলিবল কবে শুরু হয় ?
41. এশিয়াডে সবচেয়ে বেশিবার সোনা জয় করেছে কোন দল ?
42. 82-র এশিয়াডে পুরুষ ও মহিলা ভলিবলে কোন দেশ জয়ী হয় ?
43. 82-র এশিয়াড ভলিবলে ভারত কোন পদক লাভ করে ?
44. এশিয়াডে মহিলা ভলিবলে বেশিবার জয়ী হয়েছে কারা ?
45. এশিয়াডে ভলিবলে পাকিস্তান একবার মাত্র ব্রোঞ্জ পদক পায়, কবে ?
46. 1978 সালে ব্যাংকক এশিয়াডে কোন দেশ পুরুষদের ভলিবলে জাপানকে পরাজিত করে বিজয়ী হয় ?
47. আন্তর্জাতিক ভলিবল সংস্থা গঠিত হয় কবে ?
48. কোথায় এবং কবে প্রথম বিশ্ব ভলিবল চ্যামপিয়নশিপের খেলা হয় ?
49. প্রথম বিশ্ব ভলিবল চ্যামপিয়নশিপে বিজয়ী হয় কোন দেশ ?
50. বেশিবার বিশ্ব ভলিবল চ্যামপিয়নশিপে বিজয়ী হয় কোন দেশ ?
51. কোথায় এবং কবে প্রথম বিশ্ব মহিলা ভলিবল চ্যামপিয়নশিপের আসর বসে ?

52. প্রথম বিশ্ব মহিলা ভলিবল চ্যামপিয়নশিপে বিজয়ী হয় কোন দল ?
53. ইণ্ডিয়ান ভলিবল ফেডারেশন গঠিত হয় কবে ?
ক) 1951 সালে খ) 1952 সালে গ) 1953 সাল।
54. পুরুষদের জাতীয় ভলিবল চ্যামপিয়নশিপের খেলা প্রথম কোথায় এবং কবে হয় ?
55. মহিলাদের জাতীয় ভলিবল চ্যামপিয়নশিপের খেলা প্রথম কোথায় এবং কবে অনুষ্ঠিত হয় ?

ভলিবল ক্যুইজ সমাধান

1. 1895 সালে।
2. উইলিয়াম মর্গান।
3. ডঃ. এ. টি. হালসটেড (আমেরিকা)।
4. প্যারিস ওলিম্পিকে।
5. 1936 সালে।
6. 1947 সালে।
7. 1950 সালে।
8. 1952 সালে।
9. 1964-র টোকিও ওলিম্পিকে।
10. (ক) 18 মিটার।
11. (খ) 9 মিটার।
12. 2.43 মিটার।
13. 2.24 মিটার।
14. 9.5 মিটার।
15. 10 সেমি.।
16. 508 মি. মি।
17. 50.8 মি. মি।
18. 3 মিটার।
19. 270—300 গ্রাম।
20. 65—67 সেমি.।
21. 6 জন ও 6 জন বদলী। মোট 12 জন।
22. নির্দ্ধারিত সময়ের মধ্যে যদি বদলী খেলোয়াড় খেলায় অংশগ্রহণ করতে না পারে তখন সময় নষ্টের জন্য ঐ দলের বিপক্ষে 'টাইম আউট' দেওয়া হয়।

23. 30 সেকেণ্ড। 24. একটি গেমের পর।
25. 15 পয়েন্ট। 26. 5টি।
27. চীন। 28. রাশিয়া।
29. তিনবার। 30. মন্ট্রিল (1976)।
31. তিনবার। 32. যুক্তরাষ্ট্র।
33. ব্রাজিল ও ইতালি। 34. রাশিয়া।
35. রাশিয়া, জাপান, পোল্যাণ্ড, পূর্ব জার্মানী।
36. চীন। 37. যুক্তরাষ্ট্র ও জাপান।
38. পোল্যাণ্ড। 89. 1958 সালে টোকিও এশিয়াডে।
40. ব্যাংককে 1966 সালে। 41. জাপান।
42. চীন। 43. রূপো।
44. জাপান। 45. জাকার্তায়, 1962 সালে।
46. কোরিয়া। 47. 1947 সালে।
48. 1949 সালে, প্রাগুতে। 49. রাশিয়া।
50. রাশিয়া। 51. উরুগুয়েতে, 1973 সালে।
52 রাশিয়া। 53. (ক) 1951 সালে।
54. মাদ্রাজে 1952 সালে। 55. 1953 সালে, জাবালপুরে।





লন টেনিস ক্যুইজ

1. একটি টেনিস কোর্টের দৈর্ঘ্য কত ?
2. একটি টেনিস কোর্টের প্রস্থ কত ?
3. টেনিস নেট বা জালের উচ্চতা কত ?
4. টেনিস খেলার নেট বা জাল যে খুঁটি দুটির সঙ্গে আটকানো থাকে তাদের দৈর্ঘ্য কত ?
5. টেনিসে বেসলাইন কাকে বলে ?
6. জাল থেকে কত ফুট দূরে সার্ভিস লাইন থাকে ?
7. টেনিসে সার্ভিস কোর্ট কি ?
8. সেন্টার সার্ভিস লাইন কোনটি ?
9. 'বেসলাইন' কতটা চওড়া হতে পারে ?
10. একটি টেনিস বলের পরিধি কত ?
11. একটি টেনিস বলের ওজন কত ?
12. টেনিস বলের রঙ কিরকম হওয়া প্রয়োজন ?
13. লন টেনিস কতগুলি সেটে খেলা হয় ?
14. টেনিসকে লন টেনিস বল হয় কেন ?
15. টেনিস খেলার প্রবর্তক কাকে বলা হয় ?
16. কবে, কারা টেনিস খেলার নিয়মকানুন চালু করেন ?
17. গ্র্যাণ্ড স্লাম কি ?
18. টেনিসে বিশ্বের শ্রেষ্ঠ চারটি প্রতিযোগিতা কি কি ?

19. উইম্বলডন খেলা হয় কোথায় ?
ক) ইংল্যাণ্ড খ) অস্ট্রেলিয়া গ) প্যারিস
20. ফরেস্ট হিলস খেলা হয় কোথায় ?
21. কোন সালে উইম্বলডন শুরু হয় ?
22. টেনিস বিশ্বের শ্রেষ্ঠ প্রতিযোগিতা কোনটি ?
23. ফরেস্ট হিলস প্রতিযোগিতা শুরু হয় কবে ?
24. ডেভিস কাপ কি ?
25. ডেভিস কাপের খেলা কোন সালে শুরু হয় ?
26. ফেডারেশন কাপে অংশগ্রহণ করে পুরুষ না মহিলা ?
27, কোন পুরুষ খেলোয়াড় সর্বপ্রথম 'গ্র্যাণ্ড স্লাম' হন ?
28. মহিলাদের মধ্যে সর্বপ্রথম গ্র্যাণ্ড স্লাম পান কে ?
29. উইম্বলডনের প্রথম আসরে চ্যামপিয়ন হন কে ?
30. সবচেয়ে কম বয়সে উইম্বলডন বিজয়ী হন কে ?
31. 65 বছর বয়সে উইম্বলডন খেলেন কে ?
32. উইম্বলনের 'বিস্ময়' কাকে বলা হয় ?
33. বর্গ কতবার উইম্বলডন জয় করেন ?
34. উইম্বলডন ফাইনালে জিমি কোনার্স কতবার বর্গের কাছে পরাজিত হয়েছেন ?
35. কোন মহিলা খেলোয়াড় 5 বার উইম্বলডন চ্যামপিয়ন হয়েছেন ?
36. এশিয়াডে টেনিস অন্তর্ভুক্ত হয় কবে ?
37. এশিয়াডে টেনিসের প্রথম আসরে পুরুষদের একক খেলায় বিজয়ী হয় কে ?
38. এশিয়াডে পুরুষদের দলগত প্রতিযোগিতায় বেশিবার জয় পেয়েছে কোন দেশ ?
39. 82-র এশিয়াডে ডাবলসের ফাইনালে ভারত কার কাছে পরাজিত হয় ?

40. 82-র এশিয়াডে মহিলা সিঙ্গলস খেতাব জয় করেন কে ?
41. 82-র এশিয়াডে পুরুষ সিঙ্গলস খেতাব জয় করেন কে ?
42. লায়নেল ফনসেকা কাপের প্রতিযোগিতা কোন দুটি দেশের মধ্যে হয় ?
43. কোন ভারতীয় খেলোয়াড় প্রথম বিশ্ব টেনিস দলে খেলেন ?
44. এশিয়ার কোন খেলোয়াড় সবচেয়ে বেশিবার ডেভিস কাপে খেলেছেন ?
45. পৃথিবীর সবচেয়ে পুরোন টেনিস প্রতিযোগিতা কোনটি ?
46. কিংস কাপ কি ?
47. ফেডারেশন কাপ কি ?
48. সবচেয়ে বেশিবার ফেডারেশন কাপ জয় করে কোন দেশ ?
49. উইম্বলডনে কতগুলি টেনিস কোর্ট আছে ?
50. কোন পুরুষ খেলোয়াড় সবচেয়ে কম বয়সে উইম্বলডন সিঙ্গলস চ্যামপিয়ন হন ?
51. কবে, কোন দুই বোন উইম্বলডন ফাইনালে পরস্পরের প্রতিদ্বন্দ্বিতা করেন ?
52. ফোর মাসকিটিয়ার্স কাদের বলা হয় ?
53. সবচেয়ে কম বয়সে কোন মহিলা উইম্বলডন চ্যাম্পিয়ন হন ?
54. এশিয়াডে মহিলাদের প্রথম টেনিস আসরে জয়লাভ করেন কে ?
55. সবচেয়ে বেশি বয়সে উইম্বলডন সিঙ্গলস চ্যাম্পিয়ন হন কে ?

লন টেনিস ক্যুইজ সমাধান

1. 78 ফুট।
2. ডাবলসে 36 ফুট এবং সিঙ্গলসে 27 ফুট।
3. 3 ফুট।
4. সাড়ে তিন ফুট।
5. দু'প্রান্তের আড়াআড়ি প্রান্তিক রেখা দুটিকে।
6. 21 ফুট।
7. জালের দু'পাশে সার্ভিস লাইন এবং সাইড লাইনের ভিতরের স্থানটুকু লম্বাভাবে সমান দু'ভাগে ভাগ করা হয়।
8. যে রেখা সার্ভিস কোর্টকে সমান দু'ভাগে ভাগ করে।
9. 4 ইঞ্চি।
10. 6.668—6.35 সেমি.।
11. 58.47—56.7 গ্রাম।
12. সাদা অথবা হলুদ।
13. 3—5 সেটে।
14. টেনিস ছোট করে ছাঁটা ঘাসের কোর্ট বা লনে খেলা হয় বলে।
15. ইংল্যাণ্ডের মেজর ওয়ালটার ক্লপ উইংফিল্ড।
16. 1878 সালে লর্ডসের ক্রিকেট কমিটি।
17. বিশ্বের শ্রেষ্ঠ চারটি প্রতিযোগিতাকে ইংরেজিতে গ্রাণ্ড স্লাম বলা হয়।
18. উইম্বলডন, প্যারিস, ফরেষ্ট হিলস ও অস্ট্রেলিয়া টেনিস প্রতিযোগিতা।
19. (ক) ইংল্যাণ্ডে।
20. আমেরিকায়।
21. 1877 সালে।
22. উইম্বলডন।
23. 1881 সালে।
24. পুরুষদের দলগত প্রতিযোগিতা।
25. 1900 সালে।
26. মহিলা।
27. রড লেভার।
28. মার্গারেট কোর্ট।
29. স্পেনসার ডব্লু (পুরুষ) ও এম. ই. ই. ওয়াটসন (মহিলা)।
30. ডব্লু ব্যাডলে।
31. জে. বোরট্রা।
32. বিয়র্ন বর্গকে।
33. 5 বার।
34. 2 বার।
35. এল. ডব্লু. কিং।
36. 1958 সালে সিঙ্গলস এবং 1974 সালে ডাবলস।

37. ফিলিপাইনের রায়মুনডো বেরো।

38. ইন্দোনেশিয়া।

39. ইন্দোনেশিয়ার কাছে।

40. জাপানের ইসুকো ইনো।

41. ইন্দোনেশিয়ার ওয়াই তারিক।

42. ভারত এবং শ্রীলংকার মহিলা টেনিস খেলোয়ারের মধ্যে।

43. জয়দীপ মুখার্জী।

44. ভারতের রমেশ কৃষ্ণান।

45. উইম্বলডন।

46. বিভিন্ন দেশের মধ্যে দলগত চ্যাম্পিয়নশিপের খেলা। সুইডেনের রাজা এই ট্রফিটি দান করেন।

47. মহিলাদের দলগত অফিসিয়াল বিশ্ব টেনিস চ্যাম্পিয়নশিপ!

48. অস্ট্রেলিয়া।

49. 25 টি।

50. উইলফার্ড বাডডিলে (19 বছর 5 মাস 23 দিন)।

51. 1884 সালে মড ওয়াটসন ও লিলিয়ান ওয়াটসন।

52. জিন বোরোট্রা, হেনরি কোচেট, জাককুইস ব্রাগনোন এবং রেনি লাকোস্ট।

53. সি ডড।

54. জাপানের এস. কমো।

55. এ. ডব্লু. গোর (54 বছর 5 মাস)





টেবিল টেনিস ক্যুইজ

1. টেবিল টেনিস খেলার একটি টেবিলের দৈর্ঘ কত ?
2. টেবিল টেনিস খেলার একটি টেবিলের প্রস্থ কত ?
3. টেবিল টেনিসের একটি টেবিলের উচ্চতা কত ?
4. টেবিল টেনিসের টেবিল এবং জালের রঙ কি বকম ?
5. টেবিল টেনিসের একটি নেট বা জালের মাপ কত ?
6. টেবিল টেবিসের বল কি দিয়ে তৈরি হয় ?
7. টেবিল টেনিসের একটি বলের পরিধি কত ?
8. টেবিল টেনিসের একটি বলের ওজন কত ?
9. টেবিল টেনিসের একটি ব্যাটের ওজন কত ?
10. টেবিল টেনিসে 'জয়' হয় কখন ?
11. টেবিল টেনিসে ব্যাট ধরা হয় কিভাবে ?
12. বিশ্ব টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপের খেলা শুরু হয় কবে, কোথায় ?
13. প্রথম বিশ্ব টেবিল টেনিস চ্যামপিয়নশিপে কোন দেশ পুরুষ ও মহিলা বিভাগে জয়ী হয় ?
14. এশিয়াডে টেবিল টেনিসে সবচেয়ে বেশিবার দলগত বিভাগে চ্যামপিয়ন হয়েছে কোন দেশ ?
15. 82-র এশিয়াডে কোন দেশ টেবিল টেনিসে পুরুষ ও মহিলা বিভাগে জয়ী হয় ?

16. কবে থেকে এশিয়াডে টেবিল টেনিস খেলা হচ্ছে ?
17. 82-র এশিয়াডে পুরুষদের একক খেলায় জয়লাভ করে কে ?
18. 82-র এশিয়াডে মেয়েদের একক খেলায় জয়লাভ করে কে ?
19. এশিয়ার কোন দেশ সর্বপ্রথম বিশ্ব টেবিল টেনিস চ্যামপিয়নশিপের আসরে বিজয়ী হয় ?
(ক) জাপান (খ) চীন (গ) ভারত।
20. চীন প্রথম বিশ্ব চ্যাম্পিয়নের গৌরবলাভ করে কবে ?
21. কলকাতায় কোন বছর এশীয় টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপের খেলা হয় ?
22. ঐ প্রতিযোগিতায় কোন দেশ বিজয়ী হয় ?
23. বিশ্ব টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতায় দলগত চ্যাম্পিয়নের জন্য কোন কাপ দেওয়া হয় ?
24. 1977 সালে বিশ্ব টেবিল টেনিস চ্যামম্পিয়নশিপের আসর কোথায় অনুষ্ঠিত হয় ?
25. টেবিল টেনিসে পাঁচবার বিশ্ববিজয়ীর খেতাব পান কে ?
26. বিশ্বের শ্রেষ্ঠ টেবিল টেনিস খেলোয়াড় কে ?
27. বিশ্ব টেবিল টেনিসে সবচেয়ে বেশিবার বিজয়ী হয়েছে কোন দেশ ?
28. কোন মহিলা খেলোয়াড় 6 বার বিশ্ব টেবিল টেনিসে সিঙ্গলস চ্যামপিয়ন হন ?
29. ইণ্টারন্যাশনাল টেবিল টেনিস ফেডারেশনের প্রথম সভাপতি কে ?
30. ইণ্টারন্যাশনাল টেবিল টেনিস ফেডারেশন গঠিত হয় কবে ?
(ক) 1924 সালে (খ) 1926 সালে (গ) 1927 সালে

31. টেবিল টেনিসের একক প্রতিযোগিতায় সবচেয়ে লম্বা ম্যাচ কোনটি ?
32. আন্তর্জাতিক টেবিল টেনিসে পৃথিবীর কনিষ্ঠতম খেলোড়াড় কে ?
33. বিশ্ব টেবিল টেনিসে অংশগ্রহণ করে বেশিবার খেতাব অর্জন করেছে কোন খেলোয়াড় ?
34. সবচেয়ে কম বয়সে কোন খেলোয়াড় বিশ্ব টেবিল টেনিসে চ্যাম্পিয়ন হন ?
35. সবচেয়ে কম বয়সে কোন দুজন মহিলা খেলোয়াড় বিশ্ব টেবিল টেনিসে চ্যাম্পিয়ন হয় ?
36. 33তম বিশ্ব টেবিল টেনিসের আসর কোথায় অনুষ্ঠিত হয় ?
37. কত বছর অন্তর বিশ্ব টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপের খেলা হয় ?
38. বিশ্ব টেবিল টেনিসের আসরে প্রথম কোন ভারতীয় প্রধান রেফারী নিযুক্ত হয়েছিলেন ?
39. কোন দেশ বেশিবার সোয়েথলিঙ কাপ জয় করে ?
40. জাতীয় চেবিল টেনিসের আসর প্রথম কোথায় কবে বসে ?
41. জাতীয় টেবিল টেনিসে প্রথম চ্যাম্পিয়ন হয় কে ?
42. বেশিবার জাতীয় টেবিল টেনিসে পুরুষ বিভাগে একক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় কোন খেলোয়াড় ?
43. বেশিবার জাতীয় আসরে মহিলাদের একক খেলায় চ্যাম্পিয়ন হয় কে ?
44. কোন দেশ বেশিবার মারসেল কোরবিলন কাপ জয় করে ?
45. ওলিম্পিকে কি টেবিল টেনিস খেলা হয় ?

টেবিল টেনিস ক্যুইজ সমাধান

1. 9 ফুট।
2. 5 ফুট।
3. 2 ফুট 6 ইঞ্চি।
4. সবুজ।
5. 6 ফুট × 6 ইঞ্চি।
6. সেলুলয়েড দিয়ে।
7. 1·46—1·5 ইঞ্চি।
8. 2·4—2·53 গ্রাম।
9. 170—200 গ্রাম।

10· প্রথম যে খেলোয়াড় একুশ পয়েন্টে পৌছোয় সেই জয়ী হয়। বিজয়ীকে বিজিত অপেক্ষা সবসময় 2 পয়েন্টে এগিয়ে থাকতে হয়।

11. 'পেন গ্রিপ' ও 'হ্যাণ্ড শেক গ্রিপ' পদ্ধতিতে।

12. 1927 সালে লণ্ডনে।
13. হাঙ্গেরী।
14 চীন।
15. চীন।
16, 1958 সাল থেকে।
17. চীনের জাইসাইকো।
18. চীনের কাওইয়ান হুয়া।
19. (ক) জাপান।
20. 1961 সালে।
21. 1980 সালে।
22. চীন।
23. সোয়েথলিঙ কাপ।
24. বার্মিংহামে।
25. হাঙ্গেরীর ভিক্টর বার্না।
26. ভিক্টর বার্না।
27. হাঙ্গেরী।

28. রুমানিয়ার এঞ্জেলিকা রোজিনু।

29. স্যার আইভর মনটাগু।
30. (খ) 1926 সালে।

31. 1973 সালে পিটার বোর্ড এবং গ্যারী স্টিভেনসনের খেলা। ম্যাচটি শেষ হতে সময় লেগেছিল 73 ঘণ্টা 10 মিনিট।

32. জামাইকার জয় ফস্টার। 1959 সালে জাতীয় চ্যামপিয়নের মর্য্যাদা পান মাত্র 8 বছর বয়সে।

33. মারিয়া মেডনিয়ানস্কি (18 বার)।

34. অস্ট্রেলিয়ার আর বের্গম্যান (17 বার)

35. আমেরিকার রুথঅ্যারনস্ এবং অস্ট্রেলিয়ায় ট্রুড প্রিটজি। উভয়ের বয়স ছিল 17 বছর করে।

36. কলকাতায়।

37. 2 বছর।

38. সি আর কেলিকার।

39. হাঙ্গেরী (11 বার)।

40. কলকাতায় 1938 সালে।

41. মহম্মদ আইয়ুব।

42. গৌতম ডিভান (6 বার)।

43. সৈয়দ সুলতানা (6 বার)।

44. জাপান (8 বার)।

45. না।





জিমন্যাস্টিক্স ক্যুইজ

1. আধুনিক জিমন্যাস্টিক্স রীতির প্রবর্তক কারা ?
2. জিন্যাস্টিক্স-এর আন্তর্জাতিক ফেডারেশন গঠিত হয় কবে।
3. কোন ওলিম্পিকে প্রথম জিমন্যাস্টিক্স খেলা হয় ?
4. প্রথম ওলিম্পিকে জিমন্যাস্টিক্স-এর কোন কোন বিভাগ অনুষ্ঠিত হয় ?
5. ওলিম্পিকের প্রথম আসরে জিমন্যাস্টিক্স-এ চ্যামপিয়ন হন কে ?
6. পৃথিবীর সবচেয়ে বড় জিমন্যাসিয়াম কোথায় ?
7. কোন মহিলা খেলোয়াড় ওলিম্পিকে জিমন্যাস্টিক্স-এ বেশিবার সাফল্য অর্জন করেছেন ?
8. কোন পুরুষ জিমন্যাস্ট ওলিম্পিকে বেশিবার স্বর্ণ পদক জিতেছেন ?
9. ওলিম্পিকে জিমান্যাস্টিক্স বিভাগে ভারত অংশগ্রহণ করে কবে ?
10. বিশ্ব জিমন্যাস্টিকস চ্যামপিয়ানশিপে ভারত প্রথম কবে অংশগ্রহণ করে ?
11. কোন পুরুষ জিমন্যাস্ট বিশ্ব জিমনাস্টিক্স চ্যামপিয়ানশিপের ব্যক্তিগত ইভেন্টে বেশিবার জয় পেয়েছেন ?
12. কোন মহিলা বিশ্ব জিমন্যাস্টিক্স চ্যাম্পিয়ানশিপের ব্যক্তিগত বিভাগে বেশিবার সাফল্য পেয়েছেন ?
13. কোথায় এবং কবে প্রথম জুনিয়র এশিয়ান জিমন্যাস্টিক্স চ্যামপিয়নশিপ অনুষ্ঠিত হয় ?
14. কোন কোন দেশ ওলিম্পিক জিমন্যাস্টিক্স-এ বেশিবার জয় পেয়েছে ?

15. ওলিম্পিকে কবেপ্রথম মহিলা জিমন্যাস্টিক্স অন্তর্ভুক্ত হয়?
16. ওলিম্পিকের প্রথম মহিলা জিমন্যাস্টিক্স চ্যাম্পিয়ন কে?
17. রাশিয়ার কোন মহিলা খেলোয়াড় মিউনিখ ওলিম্পিকে ব্যালান্স বিম ও ফ্রি এক্সারসাইজে স্বর্ণপদক পেয়ে সবার দৃষ্টি আকর্ষণ করেন?
18. ভারতের জিমন্যাস্টিক্স ফেডারেশন গঠিত হয় কবে?
19. কবে থেকে নিয়মিত জাতীয় জিমন্যাস্টিক্স চ্যামপিয়নশিপ আরম্ভ হয়?
20' কবে প্রথম জাতীয় জুনিয়র জিমনাস্টিক্স চ্যাম্পিয়নশিপ শুরু হয়?
21. অ্যালবার্ট আজারিয়ান (রাশিয়া) কোন বিভাগে কবে ওলিম্পিক জিমন্যাস্টিক্সে স্বর্ণপদক লাভ করেন?
22. নাদীয়া কোমানেসি কোন দেশের জিমন্যাস্টিক্স খেলোয়াড়?
ক) রুমানিয়া খ) রাশিয়া গ) জাপান
23. এশিয়ান গেমসে জিমন্যাস্টিক্স কবে অন্তর্ভুক্ত হয়?
24. ওলিম্পিকে অংশগ্রহণকারী একজন জিমন্যাস্টিক্স খেলোয়ারের সর্বনিম্ন বয়স কত হওয়া দরকার?
25. 1980-র মস্কো ওলিম্পিকে রাশিয়ার জিমন্যাস্টিক্স খেলোয়াড় ইলেনা দাভিদোভা কত পয়েন্ট লাভ করেন?
26. ওলিম্পিকে জিমন্যাস্টিক্সে কোন কোন বিষয়ে প্রতিদ্বন্দ্বিতা হয়?
27. ওলিম্পিক জিমন্যাস্টিক্সের ব্যক্তিগত প্রতিযোগিতায় একটি দলে সর্বাধিক কতজন প্রতিযোগী পাঠানো যায়?
28. জিমন্যাস্টিক্সে দলগত প্রতিযোগিতায় একটি দলে সর্বাধিক কতজন করে প্রতিযোগী থাকতে পারে?
29. ফ্লোর এক্সারসাইজ করা হয় কিভাবে?
30. জিমন্যাস্টিক্সে কি বদলী খেলোয়াড় নামানো যায়?

31. একটি ফিক্সড্ বারের মাপ কত ?

32. হর্সের মাপ কত ?

33. পমেল্ড হর্সের মাপ কত ?

34. রিং-এর ফ্রেম সাধারণত মাটি থেকে কতটা উঁচুতে থাকে ?

35. প্যারালাল বারের মাপ কত ?

জিমন্যাস্টিক্স কুইজ সমাধান

1. জার্মানীর এল সি. জান এবং সুইডেনের পি. এইচ. লিঙ।
2. 1881 সালে। 3. 1896 সালে প্রথম ওলিম্পিকে।
4. দলগত ও ব্যক্তিগত প্যারালালবার, দলগত ও ব্যক্তিগত হরাইজন্টালবার, পমেল্ড হর্স, রিংস ভলটিং হর্স ও রোপ ক্লাইম্বিং।
5. পশ্চিম জার্মানীর কার্ল স্থনাম।
6. আমেরিকার পেনি হুইটনি জিমন্যাসিয়াম, নিউ হেভেন, কনেকটিকাট।
7. রাশিয়ার লারিস্থা সিমোনভনা লাটিনিয়া (9টি সোনা, 5টি রূপো ও 4টি ব্রোঞ্জ)। 8. রাশিয়ার বরিস সাকলিন (6টি)।
9. 1952 সালে হেলসিঙ্কি ওলিম্পিকে। 10. 1970 সালে।
11. রাশিয়ার বরিস সাক্‌লিন। 12 রাশিয়ার লারিস্থা সিমোনভনা।
13. টোকিওতে 1971 সাল। 14. ইতালি ও জাপান।
15. 1936 সালে বার্লিন ওলিম্পিকে।
16. রাশিয়ার নীনা বটচারোভা। 17. ওলগা করবার্ট।
18. 1951 সালে। 19. 1952—'53 সালে।
20. 1965 সালে। 21. 1956 এবং 1960 সালে রিং বিভাগে।
22. (ক) রুমানিয়া। 23. 1974 সালে তেহরান এশিয়াডে।
24. 18 বছর। তবে 16 বছরের মেয়েরা বিশেষ অনুমতি নিয়ে অংগ্রহণ করতে পারে। 25. 79·150 পয়েন্ট।

26. পুরুষদের 6টি বিষয়ের 1টি আবশ্যিক ও 1টি ঐচ্ছিক এবং মেয়েদের 4টি বিষয়ের 1টি আবশ্যিক ও 1টি ঐচ্ছিক। পুরুষদের বিষয়গুলি হল : ফ্লোর এক্সারসাইজ, (ii) সাইড হর্স, (iii) রিং, (iv) হর্স ভল্ট, (v) এসেসিট্রিক্যাল বার ও (vi) হরাইজন্টাল বার। মহিলাদের 4টি বিষয় হল :
(i) হর্স ভল্ট, (ii) আন-ইভনবার,
(iii) ব্যালান্স বীম, ও (iv) ফ্লোর এক্সারসাইজ বার।

27. তিন জন।

28. আন্তর্জাতিক প্রতিযোগিতায় থাকতে পারে 6 জন পুরুষ ও মহিলা প্রতিযোগী। কমপক্ষে একটি দলে 5 জন প্রতিযোগী থাকা চাই।


29. 14 × 14 মিটার মাপমুক্ত স্থানে। ঐ স্থানটি নরম গদি দিয়ে মোড়া থাকবে। গদির উচ্চতা 5·10 সেন্টিমিটার হতে হবে। 30. না।

31. ব্যাস—2·8 সেমি, উচ্চতা—2·50 মি, এবং দৈর্ঘ্য—2·40 মি.।

32. দৈর্ঘ্য—1·60 মি, ও প্রস্থ—80 সেমি.।

33. হর্সের পেছনের দিক মাটি থেকে 1·10 মিটার উঁচু হবে ও পমেল্ডের উচ্চতা পেছন থেকে 12 সেমি. হবে। 34. 5·50 মিটার।

35. ব্যাস 5·1 সেমি, সমান্তরালগুলির ব্যাস—1·4 সেমি, উচ্চতা মাটি থেকে 1·70 মিটার, দৈর্ঘ্য—3·50 মিটার। দুই সমান্তরাল বারের দূরত্ব 42·28 সেমি.।





এ্যাথলেটিকস্ ক্যুইজ

1. ইন্টারন্যাশনাল অ্যামেচার এ্যাথলেটিকস্ ফেডারেশন গঠিত হয় কবে ?
2. আধুনিক ওলিম্পিকের শুরুতে এ্যাথলেটিক্সের কোন কোন বিষয় চালু হয় ?
3. কোন ওলিম্পিক থেকে এ্যাথলেটিক্সে ফেরৎ দৌড় চালু হয় ?
4. 'ডোলিকোস' যুক্ত হয় কোন ওলিম্পিকে ?
5. কোন ওলিম্পিকে প্রথম পেন্টাথলন শুরু হয় ?
6. ওলিম্পিক ক্রীড়ায় মহিলাদের জন্য এ্যাথলেটিকস শুরু হয় কবে ?
7. একমাত্র কোন এ্যাথলেট ওলিম্পিকে 400 মিটার দৌড়ে বিনা প্রতিদ্বন্দ্বীতায় জয়লাভ করে ?
8. বিশ্ব এ্যাথলেটিকসে সবচেয়ে লম্বা দৌড় কোনটি ?
9. প্রাচীন ওলিম্পিক যুগের একজন বিখ্যাত এ্যাথলেটের নাম কি ?
10. আধুনিক ওলিম্পিকের প্রথম আসরে ম্যারাথন দৌড়ে স্বর্ণপদক লাভ করেন কে ?
11. ম্যারাথন দৌড়ে কত পথ অতিক্রম করতে হয় ?
12. আধুনিক ওলিম্পিকের প্রথম আসর কোন স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছিল ?

13. কোন মেষপালক প্রথম ওলিম্পিকে ম্যারাথন দৌড়ে স্বর্ণপদক লাভ করেন ?
14. পাভো নুর্মি কোন দেশের এ্যাথলেট ?
15. পাভো নুর্মি প্রথম কোন ওলিম্পিকে 10000 মিটার ও ক্রশ কান্ট্রি দৌড়ে স্বর্ণপদক জেতেন ?
16. পাভো নুর্মি দ্বিতীয়বার কোন ওলিম্পিকে 1500 ও 500 মিটার দৌড়ে স্বর্ণপদক লাভ করেন ?
17. পাভো নুর্মি শেষবারের মতো কোন ওলিম্পিকে পদক জেতেন ?
18. জেসি ওয়েন্স কোন দেশের এ্যাথলেট ?
19. কোন কৃষ্ণকায় এ্যাথলেট ওলিম্পিকে নৈপুণ্য প্রদর্শন করে বিখ্যাত হয়েছেন ?
20. জেসি ওয়েনস ওলিম্পিকে কতগুলি রেকর্ড গড়েন ?
21. কোন মহিলা স্থরশিল্পী ওলিম্পিকে হুটি সোনা ও একটি ব্রোঞ্জ পদক লাভ করেন ?
22. ওলিম্পিকে স্বর্ণপদক বিজয়ী কোন মহিলা এ্যাথলেট প্যারিস সঙ্গীত সম্মিলনীতে পিয়ানো প্রতিযোগিতায় স্বর্ণপদক লাভ করেন ?
23. 1936 সালে বার্লিন ওলিম্পিকের পর 12 বছর পর লণ্ডন ওলিম্পিকে অংশগ্রহণ করে কোন মহিলা এ্যাথলেটিক্সে 4টি স্বর্ণপদক পান ?
24. হুটি সন্তানের জননী অথচ ওলিম্পিকে অংশগ্রহণ করে চারটি স্বর্ণপদক জিতেছেন, কে ?
25. এমিল জ্যাটোপেক কোন ওলিম্পিকে 10000 মিটার ও 5000 মিটার দৌড় এবং ম্যারাথন রেসে স্বর্ণপদক জয় করেন ?

26. কোন মহিলা এ্যাথলেট ওলিম্পিকে 100 মিটার দৌড়ে বিশ্বরেকর্ড স্থাপন করেছিলেন কিন্তু বাতাসের অনুকূলে দৌড়েছিলেন বলে তা গ্রাহ্য হয়নি ?
27. আবেবে বিকিলা কোন দেশের এ্যাথলেট ?
ক) ইথিওপিয়া খ) আমেরিকা গ) রাশিয়া
28. পর পর তিনটি ওলিম্পিকে ম্যারাথন দৌড়ে স্বর্ণপদক লাভ করেছেন কে ?
29. ম্যারাথন দৌড়ের জন্য একটি দেশ থেকে সর্বাধিক কতজন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারে ?
30. ওলিম্পিকে 400 মিটার হার্ডল দৌড়ে কত উচ্চতা বিশিষ্ট কতগুলি বাধা অতিক্রম করতে হয় ?
31. ওলিম্পিকে 10000 মিটার দৌড়ে কত পাক দৌড়তে হয় ?
32. ওলিম্পিকে 110 মিটার হার্ডল রেসে কতগুলি বাধা ডিঙোতে হয় ?
33. ওলিম্পিকের খেলায় বাতাসের বেগ কত হলে প্রতিযোগীর অনুকূলে রেকর্ড বাতিল হয়ে যায় ?
34. ট্রিপিল জাম্প কাকে বলে ?
35. ওলিম্পিকে অনুষ্ঠিত একটি 'সট্'-এর ওজন কত ?
36. কতটুকু স্থানের উপর দাঁড়িয়ে সট্‌টি ছুঁড়তে হয় ?
37. ওলিম্পিকে অনুষ্ঠিত একটি ডিসকাসের ওজন কত ?
38. কত মিটার স্থানের উপর দাঁড়িয়ে ডিসকাস ছুঁড়তে হয় ?
39. ওলিম্পিকে অনুষ্ঠিত একটি জ্যাভলিনের ওজন কত ?
40. ওলিম্পিকে অনুষ্ঠিত একটি জ্যাভেলিনের দৈর্ঘ্য কত ?
41. ওলিম্পিকে অনুষ্ঠিত একটি হ্যামারের দৈর্ঘ্য কত ?
42. ওলিম্পিকে অনুষ্ঠিত একটি হ্যামারের ওজন কত ?
43. ওলিম্পিকে ডেকাথলনে কি কি বিষয় থাকে ?
44. ওলিম্পিকে মহিলা পেণ্টাথলনে কি কি বিষয় থাকে ?

45. ওলিম্পিকে 3000 মিটার স্টীপল চেজে কতগুলি বাধা অতিক্রম করতে হয় ?
46. কোন এ্যাথলেট প্রথম হাইজাম্পে 7 ফুট 1 ইঞ্চি অতিক্রম করেন ?
47. হাইজাম্পে 7 ফুট $4\frac{1}{2}$ ইঞ্চি অতিক্রম করেন কে ?
48. ওলিম্পিকে কোন এ্যাথলেট হাইজাম্পে 2·36 মিটার অতিক্রম করেন ?
49. 1980-র ওলিম্পিকে কোন মহিলা হাইজাম্পে 1·97 মিটার অতিক্রম করেন ?
50. পুরুষদের পেন্টাথলনে কি কি বিষয় অনুষ্ঠিত হয় ?
51. ডেকাথলন ওলিম্পিকে কবে অন্তর্ভুক্ত হয় ?
52. আধুনিক ওলিম্পিকের স্রষ্টিকর্তা কে ?
53. প্রথম আধুনিক ওলিম্পিক কবে অনুষ্ঠিত হয় ?
54. প্রথম আধুনিক ওলিম্পিক কোথায় অনুষ্ঠিত হয় ?
55. কত খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রাচীন ওলিম্পিক অনুষ্ঠিত হয়েছিল ?
56. কবে থেকে প্রাচীন ওলিম্পিক অনুষ্ঠিত হয়েছিল ?
57. প্রাচীন ওলিম্পিক কত বছর অন্তর অনুষ্ঠিত হত ?
58. মোট কতগুলি প্রাচীন ওলিম্পিকের আসর অনুষ্ঠিত হয়েছিল ?
59. প্রাচীন ওলিম্পিকের কততম আসরে রথচালনা অন্তর্ভুক্ত হয় ?
60. প্রাচীন ওলিম্পিকের কোন আসরে মুষ্টিযুদ্ধ শুরু হয় ?
61. আধুনিক ওলিম্পিকের প্রথম আসর কোন স্টেডিয়ামে সূচনা করা হয়েছিল ?
62 আধুনিক ওলিম্পিকের প্রথম আসরে একটি ইভেন্টে কতগুলি পুরস্কার দেওয়া হয়েছিল ?

63. আধুনিক ওলিম্পিকের প্রথম আসরে প্রথম পদক জেতেন কে ?
64. প্রথম ওলিম্পিকে বিজয়ীদের কি পুরস্কার দেওয়া হয় ?
65. প্রথম ওলিম্পিকে বিজয়ীদের যে পদক দেওয়া হয়েছিল তার পরিকল্পনা করেছিলেন কে ?
66. পদকগুলি তৈরি করেছিলেন কে ?
67. প্রথম ওলিম্পিকে বিজয়ীদের জন্য ডিপ্লোমা তৈরি করেছিলেন কে ?
68. প্রথম ওলিম্পিকে কতগুলি **দেশ** অংশগ্রহণ করেছিল ?
69. প্রথম ওলিম্পিকে কোন কোন দেশ যোগদান করেছিল ?
70. প্রথম ওলিম্পিকে ম্যারাথন দৌড়ে কতজন প্রতিযোগী যোগদান করে ?
71. আধুনিক ওলিঅিকের দ্বিতীয় আসর কবে কোথায় বসে ?
72. দ্বিতীয় ওলিম্পিকে কোন কোন বিষয় যুক্ত হয়েছিল ?
73. দ্বিতীয় ওলিম্পিকে ক'টি দেশের কতজন প্রতিযোগী অংগ্রহণ করে ?
74. কোন ম্যারাথন বিজয়ী 12 বছর পর তার জয়ের কথা জানতে পারেন ?
75. ওলম্পিকেরতৃতীয় আসর কোথায় কবে অনুষ্ঠিত হয় ?
76. তৃতীয় ওলিম্পিকের কতগুলি দেশে কতজন প্রতিযোগী অংশগ্রহণ করে ?
77. ওলিম্পিক পতাকার প্রবর্তন হয় কবে ?
78. ওলিম্পিক পতাকাররঙগুলি কি কি ?
79. ওলিম্পিকে সবচেয়ে বেশি পদক জয়করেছে কোন দেশ ?
80. ট্রিপল জাম্প অন্য কি নামে পরিচিত ?
81. কোন দেশে তিনবার ওলিম্পিক ক্রীড়া অনুষ্ঠিত হয়েছে ?

82. কোন কোন শহরে দুবার করে ওলিম্পিক ক্রীরা অনুষ্ঠিত হয়েছে ?
83. প্রথম ওলিম্পিকে ম্যারাথন দৌড়ের দূরত্ব কত ছিল ?
84. ওলিম্পিকে সবচেয়ে দীর্ঘ রেস কোনটি ?
85. চীন ওলিম্পিক ক্রীড়ায় প্রথম অংশগ্রহণ করে কবে ?
86. ওলিম্পিক গেমস প্রথম কবে এবং কোথায় অনুষ্ঠিত হয় ?
87. প্রথম এশিয়ান গেমসে কতগুলি দেশ অংশ নিয়েছিল ?
88. প্রথম এশিয়ান গেমসে সবচেয়ে বেশি স্বর্ণপদক পেয়েছিল কোন দেশ ?
89. প্রথম এশিয়ান গেমসে ভারতের ভূমিকা কি ছিল ?
90. এশিয়ান গেমসের দ্বিতীয় আসর কবে এবং কোথায় অনুষ্ঠিত হয় ?
91. দ্বিতীয় এশিয়ান গেমসে কতগুলি দেশ যোগদান করে ?
92. এশিয়ান গেমসের দ্বিতীয় আসরে কোন দেশ পদক তালিকার শীর্ষে ছিল ?
93. এশিয়াডের তৃতীয় আসর কোথায় অনুষ্ঠিত হয় ?
94. টোকিও এশিয়াডে প্রতিযোগীর সংখ্যা ছিল কত ?
95. তৃতীয় এশিয়াডে কোন কোন বিষয় যুক্ত হয় ?
96. তৃতীয় এশিয়াডে জাপান কতগুলি পদক পেয়ে পুনরায় শীর্ষস্থান দখল রাখে ?
97. ভারতের কোন এ্যাথলেটকে 'উড়ন্ত শিখ' বলা হয় ?
98. চতুর্থ এশিয়াড কোথায় হয় ?
    ক) টোকিও খ) জাকার্তা গ) বার্মা
99. এশিয়াডের পঞ্চম আসর কোথায় বসে ?
100. পঞ্চম এশিয়াডে জাপান কতগুলি স্বর্ণপদক লাভ করে ?
101. ষষ্ঠ এশিয়াড কবে কোথায় অনুষ্ঠিত হয় ?
102. ষষ্ঠ এশিয়াডে কতগুলি দেশ অংশগ্রহণ করে ?

103. জাপানের কোন মহিলা সাঁতারু ষষ্ঠ এশিয়াডে 5 টি সোনা পায় ?
104. তেহরানে এশিয়াডের কোন আসর অনুষ্ঠিত হয় ?
105. সপ্তম এশিয়াডে কোন দেশ পদক তালিকার শীর্ষে ছিল ?
106. অষ্টম এশিয়াড কোথায় বসে ?
107. কোন এশিয়াডে জাপান সাঁতারে 29টি স্বর্ণপদকের মধ্যে 25টি দখল করে ?
108. অষ্টম এশিয়াডে জাপান কতগুলি স্বর্ণপদক লাভ করে ?
109. অষ্টম এশিয়াডে চীন কতগুলি পদক লাভ করে ?
110. এশিয়াডের নবম আসর কোথায় কবে অনুষ্ঠিত হয় ?
111. নবম এশিয়াডে কোন দেশ পদক তালিকার শীর্ষে ছিল ?
112. এশিয়াডে এ পর্যন্ত বেশি পদক পেয়েছে কোন দেশ ?
113. নবম এশিয়াডে কত গুলি বিষয়ে প্রতিযোগিতা হয় ?
114. প্রথম এশিয়াডে এ্যাথলেটিকসে ভারত কতগুলি স্বর্ণ পদক লাভ করে ?
115. একটি এশিয়াডে ভারতের সর্বাধিক পদক লাভ কত ?
116. কোন এ্যাথলেট প্রথম পদ্মশ্রী লাভ করেন ?
117. কোন ভারতীয় 10000 মিটার দৌড়ে এশিয়ান রেকর্ড গড়েন ?
118. ডেকাথলনে এশিয়ান রেকর্ড গড়েন কোন ভারতীয় ?
119. কোন মহিলা এ্যাথলেট ভারতের হয়ে ওলিম্পিকে প্রথম অংশগ্রহণ করেন ?
120. আমেরিকান নন এমন কে প্রথম পোলভোল্টে (ওলিম্পিক) জয়লাভ করেন ?
121. ট্রাক এণ্ড ফিল্ডে সবচেয়ে কম বয়সে কে ওলিম্পিকে চ্যাম্পিয়ন হন ?

122. একমাত্র কোন এ্যাথলেট ওলিম্পিকে তিনটি দীর্ঘ দেড়ে বিজয়ী হন ?

123. কোন দেশ কবে ওলিম্পিক অনুষ্ঠানে পুরস্কার প্রত্যাক্ষান করে ?

124. ট্র্যাক এণ্ড ফিল্ডে একদিন 6টি বিশ্বরেকর্ড গড়েন কে ?

125. কোন বাবা, ছেলে এবং নাতি ওলিম্পিকে পদক লাভ করেন ?

126. ওলিম্পিক পদকজয়ী কোন এ্যাথলেটের নাম সবচেয়ে দীর্ঘ ?

127. রাশিয়ার কোন দুই বোন ওলিম্পিকে ট্রাক এণ্ড ফিল্ডে জয়ী হন ?

128. কোন এ্যাথলেট সবচেয়ে কম বয়সে 3000 মিটার স্টিপলচেজে বিজয়ী হন ?

129. কোন এ্যাথলেট ওলিম্পিক চলাকালীন মারা যান ?

130. ওলিম্পিকে কে দুটি দেশের হয়ে প্রথম অংশগ্রহণ করেন ?

131. একই ওলিম্পিকে কোন বাবা এবং ছেলে স্বর্ণপদক জিতেছেন ?

132. কোন তিন ভাই 1928 সালে ওলিম্পিক পদক জয় করেন ?

133. সবচেয়ে কম বয়সে কে ওলিম্পিকে পদক জেতেন ?

134. 'ফ্লাইং ফিস' কার ডাক নাম ?

135. প্রথম ওলিম্পিকে কোন দেশ প্রথম পদক জয় করেন ?

136. প্রথম কে ওলিম্পিকে স্বর্ণপদক লাভ করেন ?

137. কোন মহিলা ওলিম্পিকে প্রথম স্বর্ণপদক লাভ করেন ?

138. কোন দেশ কোন ওলিম্পিকে পতাকা ছাড়া যোগদান করে ?

139. কোন ওলিম্পিকে বাবা এবং মেয়ে পদক জয় করেন ?
140. ভারতের এ্যামেচার এ্যাথলেটিক ফেডারেশন গঠিত হয় কবে ?
141. কোন মহিলা হাইজাম্পে প্রথম 6 ফুট অতিক্রম করেন ?
142. প্রথম কোন মহিলা 5 মিনিটের কম সময়ে এক মাইল দৌড়ান ?
143. 1924 সালে কে ট্র্যাক এণ্ড ফিল্ডে 5টি পদক লাভ করেন ?
144. ওলিম্পিকে সবচেয়ে বেশি পদক জিতেছেন কে ?
145. আধুনিক ওলিম্পিকে ব্যক্তিগত ভাবে কে সবচেয়ে বেশি স্বর্ণপদক লাভ করেছেন ?
146. কোন পাঁচটি দেশ আধুনিক ওলিম্পিকের সবকটি আসরে যোগদান করে ?
147. কার ডাক নাম ফ্লাইং ফিন এবং ফ্যাণ্টম ফিন ?
148. কোন এ্যাথলেট প্রথম অর্জুন পুরস্কার লাভ করেন ?
149. কোথায় এবং কবে প্রথম এশিয়ান এ্যামেচার এ্যাথলেটিকসের আসর বসে ?
150. ভারতের ওলিম্পিক এ্যাসোসিয়েশন গঠিত হয় কবে ?
151. ভারত প্রথম কবে কমনওয়েলথ গেমসে অংশগ্রহণ করে ?
152. প্রথম কোন ভারতীয় কমনওয়েলথ গেমসে স্বর্ণপদক জয় করেন ?
153. 100 মিটার রানে কোন মহিলা জাতীয় রেকর্ড করেন ?
154. কবে কমনওয়েলথ গেমস চালু হয় ?
155. কবে প্রথম জাতীয় এ্যাথলেটিকস চ্যামপিয়নশিপ অনুষ্ঠিত হয় ?
156. কোন মহিলা এ্যাথলেট প্রথম অর্জুন পুরস্কার পান ?

157. কোন বছর জাতীয় প্রতিযোগিতায় মিলখা সিং 400 মিটার দৌড়ে বিজয়ী হন ?

158. কোন ওলিম্পিকে ভারতীয় এ্যাথলেটরা প্রথম অংশগ্রহণ করে ?

159. এশিয়ার কোন মহিলা ওলিম্পিক এ্যাথেলেটিক্‌সে প্রথম স্বর্ণপদক লাভ করেন ?

160. 1980 সালে মস্কো ওলিম্পিকে 100 মিটার দৌড়ে স্বর্ণ-পদক লাভ করেন কে ?

161. ওলিম্পিকে 100 মিটার দৌড়ে সবচেয়ে বেশিবার স্বর্ণ-পদক লাভ করেছে কোন দেশ ?

162. ত্রিনিদাদের একমাত্র কোন এ্যাথলেট কোন ওলিম্পিকে 100 মিটার দৌড়ে স্বর্ণপদক জয় করেন ?

163. ওলিম্পিকে মহিলাদের 10) মিটার দৌড়ে প্রথম স্বর্ণ-পদক জয় করেন কে ?

164. 1980-র মস্কো ওলিম্পিকে 400 মিটার দৌড়ে স্বণপদক লাভ করেন কে ?

165. সবচেয়ে কম সময়ে 400 মিটার দৌড়ের বিশ্বরেকর্ড কার দখলে ?

166. মরিতা কোচ (মহিলা) কোন ওলিম্পিকে 400 মিটার দৌড়ে সোনা পান।

167. 800 মিটার দৌড়ে বিশ্বরেকর্ড গড়েন কে ?

168. আধুনিক ওলিম্পিকের প্রথম আসরে 1500 মিটার দৌড়ে কে বিজয়ী হন ?

169. সবচেয়ে কম সময়ে 1500 মিটার দৌড়ে বিশ্বরেকর্ড সৃষ্টি করেন কোন এ্যাথলেট ?

170. ওলিম্পিকে মেয়েদের 1500 মিটার দৌড়ে প্রথম সোনা পায় কে ?

171. 10 000 মিটার দৌড়ে সবচেয়ে কম সময়ের বিশ্বরেকর্ড কত ?

172. 1982-র এশিয়াডে 10,000 মিটার দৌড়ে স্বর্ণপদক লাভ করেন কে ?

173. এশিয়াডে ভারতের কোন দু'জন এ্যাথলেট 1500 মিটার দৌড়ে স্বর্ণপদক লাভ করেন ?

174. পাকিস্থান এবং শ্রীলংকা কোন কোন বছর এশিয়াডে 1500 মিটার দৌড়ে বিজয়ী হয় ?

175. 1982-র এশিয়াড়ে ভারতের কোন এ্যাথলেট 800 মিটার দৌড়ে স্বর্ণপদক জয় করেন ?

176. ইয়ং আয়ে চ্যাং (মহিলা) কোন এশিয়াডে 800 মিটার দৌড়ে স্বর্ণপদক লাভ করেন।

177. ভারতের গীতা জুৎসী কোন এশিয়াডে 800 মিটার দৌড়ে সোনা জেতেন ?

178. ভারতের একমাত্র কোন এ্যাথলেট 800 মিটার দৌড়ে পরপর দুটি এশিয়াডে স্বর্ণপদক লাভ করেন ?

179. নবম এশিয়াডে 200 মিটার দৌড়ে স্বর্ণপদক লাভ করেন কে ?

180. নবম এশিয়াডে মহিলাদের 200 মিটার দৌড়ে স্বর্ণপদক জয় করেন কে ?

181. জাপানের ফু. মু. তাকামো কোন এশিয়াডে 400 মিটার দৌড়ে সোনা জেতেন ?

182. নবম এশিয়াডে মহিলাদের 400 মিটার দৌড়ে সোনা জেতেন কে ?

183. কোন মহিলা 1980-র মস্কো ওলিম্পিকে সট্‌পাটে সোনা জেতেন ?

184. 1982-র এশিয়াডে ভারতের কোন এ্যাথলেট সট্‌পাটে সোনা জেতেন ?

185. জ্যাভেলিন ওলিম্পিকে যুক্ত হয় কবে ?

186. নবম এশিয়াডে জ্যাভেলিন-এ সোনা পায় কে ?

187. জ্যাভেলিনে পর পর দুটি এশিয়াডে সোনা জেতেন কে ?

188. 1980-র মস্কো ওলিম্পিকে জ্যাভেলিনে সোনা পায় কে ?

189. ডিসকাস থ্রো তে ওলিম্পিকে বেশিবার পদক পেয়েছে কোন দেশ ?

190. মহিলা ডিসকাস থ্রো ওলিম্পিকে কবে যুক্ত হয় ?

191. 1982-র এশিয়াডে পুরুষ এবং মহিলা ডিসকাস থ্রোতে সোনা জেতেন কারা ?

192. 50 কিলোমিটার হাঁটা প্রতিযোগিতায় এশিয়াডে প্রথম স্বর্ণপদক লাভ করেন কে ?

193. 1980-র মস্কো ওলিম্পিকে 20 কিলোমিটার হাঁটা প্রতিযোগিতায় সোনা পায় কে ?

194. এশিয়াডের সব কটি আসরে পোলভোল্টে কোন দেশ বিজয়ী হয়েছে ?

195. ওলিম্পিকের দুটি আসর ছাড়া সব কটিতে লঙজাম্পে বিজয়ী হয়েছে কোন দেশ ?

196. ওলিম্পকে মহিলাদের লঙজাম্প যুক্ত হয় কবে ?

197. 1982-র এশিয়াডে কোন মহিলা লঙ জাম্পে স্বর্ণপদক পান ?

198. ভারতের সুরেশবাবু কোন এশিয়াডে লঙ জ্যাম্পে সোনা জেতেন ?

199. হাইজ্যাম্প কবে ওলিম্পিকে অন্তর্ভুক্ত হয় ?

200. ভারতের ভীম সিং কোন এশিয়াডে হাইজাম্পে স্বর্ণপদক পান ?

201. নবম এশিয়াডে কোন মহিলা হাইজাম্পে সোনা পান ?

202. 1982-এশিয়াডে ম্যারাথন দৌড়ে সোনা জয় করে কে ?

203. ভারত কোন এশিয়াডে ম্যারাথন দৌড়ে স্বর্ণপদক লাভ করেন ?

204. 400 মিটার হার্ডল রেসে 1982 সালের এশিয়াডে সোনা পায় কে ?

205. 1982-র এশিয়াডে 100 মিটার হার্ডল রেসে স্বর্ণপদক লাভ করেন কে ?

এ্যাথলেটিকস্ ক্যুইজ সমাধান

1. 1913 সালে।
2. ফিল্ড ও ট্র্যাক (প্রথম 17টি ওলিম্পিকে কেবল ফিল্ড ও ট্র্যাক অনুষ্ঠিত হয়)।
3. 1944 সালে লণ্ডন ওলিম্পিক থেকে।
4. 1948 সালে লণ্ডন ওলিম্পিকে।
5. 1952 সালে হেলসিঙ্কি ওলিম্পিকে।
6. 1928 সালে আমস্টারডাম ওলিম্পিকে।
7. উইনডাম হালস্ওয়েল (19(8)।
8. 3610 মাইল (নিউইয়র্ক থেকে লস এঞ্জেলস। এটি 1929 সালে অনুষ্ঠিত হয়।)
9. কোরোবোজ।
10. স্পিরিডিওন লুইস।
11. 26 মাইল 385 গজ।
12. এথেন্সের প্যান এথেনিক স্টেডিয়াম।
13. স্পিরিডিওন লুইস।
14. ফিনল্যাণ্ডের।
15. এ্যানটুয়ার্প (1920)।
16. প্যারিস (1924)।

17. আমস্টারডাম (1928)। তিনি 31 বছর বয়সে 10,000 মিটার দৌড়ে প্রথম হন। 18. আমেরিকার।

19. জেসি ওয়েন্স। 20. 3টি বিশ্বরেকর্ড ও 4টি ওলিম্পিক রেকর্ড।

21. ফ্রান্সের মাইকেলাইন ওস্টারমেয়ার (1948 সালে)।

22. মাইকেলাইন ওস্টারমেয়ার।

23. হল্যাণ্ডের ফ্যানি ব্ল্যাঙ্কার্স। 24. ফ্যানি ব্ল্যাঙ্ককার্স কোয়েন।

25. হেলসিঙ্কি ওলিম্পিকে (1952)।

26. আমেরিকার উইলমা রুড্‌লফ্‌।

27. (ক) ইথিওপিয়া। 28. আবেবে বিকিলা।

29. 3 জন। 30. ·914 মিটার উচ্চতা বিশিষ্ট 10টি বাধা।

31. 25 পাক। 32. 10টি।

33. সেকেণ্ডে 2 মিটারের চেয়ে বেশি বেগে প্রবাহিত হলে।

34. হপ, স্টেপ এবং জাম্প—এই তিনটি পর্যায়ে যে লম্ফন প্রতিযোগিতা হয় তাকে ট্রিপল জাম্প বলে। 35. 7·257 কিলোগ্রাম।

36. 2·13 মিটার ব্যাস বিশিষ্ট একটি বৃত্তের মধ্যে থেকে।

37. 2 কিলোগ্রাম।

38. 2·50 মিটার ব্যাস বিশিষ্ট একটি বৃত্তের মধ্যে থেকে।

39· 800 গ্রাম। 40. 2·60—2·70 মিটার।

41. 1·22 মিটারের বেশি নয়। 42. ন্যূনপক্ষে 7·257 কিলোগ্রাম।

43. 100 মি. দৌড়, 400 মি. দৌড়, 1500 মি. দৌড়, 110 মি. হার্ডল রেস, উচ্চ লম্ফন, দীর্ঘ লম্ফন, পোলভোল্ট, সটপাট, ডিসকাস, জ্যাভেলিন।

44. 200 মি. দৌড়, 100 মি. হার্ডল দৌড়, উচ্চ লম্ফন, দীর্ঘ লম্ফন ও সটপাট।

45. 35টি। 46. রাশিয়ার রবার্ট স্যাভিয়াকাজ।

47. পোল্যাণ্ডের জ্যাসেক ওয়াজোলা।

48. পূর্ব জার্মানীর জার্ড ওয়েসিগ। 49. ইতালির সারা সিনেওনি।

50 লঙজাম্প, 1500 মিটার রান, 200 মি. রান। জ্যাভেলিন ও ডিসকাস নিক্ষেপণ।

51. 1956 সালে। 52. ব্যারন পিয়ের দ্য কুবার্তিন।
53. 1896 সালে 6-15 এপ্রিল। 54. এথেন্সে।
55. 394 খ্রীষ্টাব্দ পর্যন্ত। 56. 776 খ্রীষ্টপূর্বাব্দ থেকে।
57. চার বছর। 58. 292 টি। 59. 25 তম।
60. 23 তম আসরে। 61. এথেন্সের প্যানাথেনিয়াম।
62. প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারীকে। 63. আমেরিকার জেমস্ কনোলি।
64. প্রথম স্থানাধিকারীকে একটি ডিপ্লোমা, রুপোর পদক আর অলিভ পাতার মুকুট দেওয়া হয়। দ্বিতীয় স্থানাধিকারীকেও ডিপ্লোমা ও অলিভ পাতার মুকুট দেওয়া হয়, সঙ্গে একটি ব্রোঞ্জের পদক।
65. জুলস চ্যাপলেন। 66. গ্রীক চিত্রকর নিকাপোরোস লাইট্রস।
67. নিকলাস গাইজিস। 68. 13টি (311 জন প্রতিনিধি)।
69. অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, আমেরিকা, ইংল্যাণ্ড, গ্রীস, চিলি, জার্মানী, ফ্রান্স, ডেনমার্ক, বুলগেরিয়া, সুইজারল্যাণ্ড, সুইডেন ও হাঙ্গেরী।
70. 16 জন। 71. 1900 সালে 20 মে—28 অক্টোবর প্যারিসে।
72. পোলো, বক্সিং, ফুটবল, আর্চারি।
73. 22টি দেশের 1319 জন প্রতিযোগী।
74. ফ্রান্সের মিচেল থিয়েটো।
75. সেণ্ট লুই সে 1904 সালের 1লা জুলাই—23 নভেম্বর।
76. 12টি দেশের 617 জন।
77. 1920 সালে এ্যানটুয়ার্প ওলিম্পিকে।
78. লাল, নীল, হলুদ, সবুজ ও কালো। পৃথিবীর বিভিন্ন দেশের অন্ততঃ একটি করে রং এই পতাকায় থাকে।
79. আমেরিকা। 80. হপ স্টেপ এণ্ড জাম্প।
81. ইংল্যাণ্ডে।
82. প্যারিস, বার্লিন, লস এঞ্জেলস ও হেলসিঙ্কিতে।
83. 40,000 মিটার। 84. 50,000 মিটার হাঁটা।
85. 1932 সালে। 86. 1951 সালে নিউদিল্লীতে।
87. 11টি। 88. জাপান (60টি)।
89. 52টি পদক জিতে ভারত দ্বিতীয় স্থান পায় (11টি সোনা, 16টি রুপো, 21টি ব্রোঞ্জ)। 90. 1958 সালে ম্যানিলা।

91. 18টি। 92. জাপান।
93. টোকিওতে 1958 সালে। 94. 20টি।
95. হকি, ভলিবল, লন টেনিস, টেবিল টেনিস ও সাইক্লিং।
96. 138টি। 97. মিলখা সিং।
98. (খ) জাকার্তা। 99. থাইল্যাণ্ডের রাজধানী ব্যাঙ্ককে।
100. 78টি। 101 1970 সালে ব্যাঙ্ককে।
102. 18টি। 103. ইয়াসিমি নিশিগাওয়ার।
104. সপ্তম আসর (1974)। 105. জাপান (136)।
106. ব্যাংককে। 107. ব্যাংকক এশিয়াডে (1978)।
108. 70টি। 109. 151টি।
110. দিল্লীতে 1982 সালে। 111. চীন।
112. জাপান। 113. 20টি।
114. 10টি। 115. 34টি (10টি সোনা, 12টি রূপো, 12টি ব্রোঞ্জ)।
116. মিলখা সিং (1959)। 117. হরি সিং (29.12.0 সেকেণ্ড)।
118. বিজয় চৌহান। 119. মেরি ডি'সুজা (1952)।
120. উলফগ্যাং নরড্উইগ।
121. আমেরিকার বব মাথিয়াস (17 বছর 8 মাস)।
122. এমিল জাটাপেক (1952)।
123. আমেরিকা 1972 সালে বাসকেট বলে রৌপ্য পদক প্রত্যাখান করে।
124. জেসি ওয়েনস।
125. ইউজিনি লানডি (1924), পিটার লানডি (1952) ও জুনিয়র পিটার লানডি (1960)। এরা প্রত্যেকে ইয়াচিং-এ পদক লাভ করেন।
126. গালিনা প্রোজামেন স্কিহিকোতা। তিনি 1964 সালে 200 মি. ব্রেস্ট স্ট্রোকে চ্যামপিয়ন হন।
127. তামারা এবং ইরিনা প্রেস। 128. এ্যামোস বিওর্ত (19 বছর)।
129. ম্যারাথন দৌড়বীদ লাজারো (1912)।
130. নয়েল পার্সেল ইংল্যাণ্ড এবং আয়ারল্যাণ্ডের হয়ে ওলিম্পিকে অংশগ্রহণ করেন।

131. নরওয়ের এ. রিং ভান্ড এবং এ. রিং ভান্ড। ইয়াচিং-এ এরা স্বর্ণপদক পান।
132. হারিউইল্ড, পার্সি উইল্ড এবং ফ্রাঙ্ক উইল্ড।
133. ফ্রান্সের নিওল ভ্যাণ্ডারনোট (12 বছর)।
134. মিসেস ফ্রান চীনা ব্ল্যাঙ্কার্স (নেদারল্যাণ্ড)।
135. আমেরিকা।
136. আমেরিকার এ্যালভিন ক্রানজিন।
137. আমেরিকার এম. সি. হোয়েন।
138. ফিনল্যাণ্ড, লণ্ডন ওলিম্পিকে (1908)
139. 1908 সালে লণ্ডন ওলিম্পিকে ডব্লিউ ডোড এবং কন্যা এন ডোড আর্চারিতে পদক জয় করেন। 140. 1949 সালে।
141. আইও ল্যাণ্ডি থালাস ((1958)।
142. ডিয়ান স্বজান লেদার। 143. পাভো নুর্মি।
144. পাভো নুর্মি (12টি)।
145. আমেরিকার রেই ওয়ারি (10টি)।
146. অস্ট্রেলিয়া, আমেরিকা, বৃটেন, গ্রীস এবং সুইজারল্যাণ্ড।
147. পাভো নুর্মির। 148. জি. এস. রানধাওয়া (1964)।
149. ম্যানিলায় 1973 সালে। 150. 1927 সালে।
151. 1954 সালে। 152. মিলখা সিং।
153. অনুসূয়াবাই (12 সেকেণ্ড)। 154. 1930 সালে।
155. 1924 সালে। 156. টি ফি ডি'সুজা।
157. 1957 সালে। 158. এ্যানটুয়ার্প ওলিম্পিকে (1920)।
159. মিকিও ওডা (জাপান)। 160. এ্যালান ওয়েলস (বৃটেন)।
161. আমেরিকা।
162. হেসলে ক্রফোর্ড, 1976 এর মন্ট্রিল ওলিম্পিকে।
163. রাশিয়ার লুডমিলা কান্দ্রাতিয়েভ। 164. রাশিয়ার ভিক্টর মার্কিন।
165. আমেরিকার লী ইভান্সের (84·08 সেকেণ্ড)।
166. 1980-র মস্কো ওলিম্পিকে।
167. 43·50 সেকেণ্ডে দৌড়ে কিউবার আলবার্টো জুলাটোরিনা বিশ্বরেকর্ড গড়েন। 168. বৃটেনের ই. এইচ. ফ্লেক।
169. কেনিয়া কিপচগ কিনো (3 মিনিট 34·9 সেকেণ্ড)।

170. রাশিয়ার তাতিয়ানা কাজন কিনার।
171. 27 মিনিট 34·8 সেকেণ্ড। 172. চীনের ওয়েউই জ্যাঙ।
173. এস. এন. সিং (1974) ও হরিচাঁদ (1978)।
174. 1962 ও 1970 সালে। 175. চার্লস বরোমিও।
176. 1982-র দিল্লী এশিয়াডে। 177. 1978 সালে ব্যাংককে।
178. শ্রীরাম সিং। 179. দঃ কোরিয়ার জাং কুয়েন জায়ে।
180. জাপানের ইসো জোকি হিরোমি।
181. 1982-র নবম এশিয়াডে। 182. ই. শিরোগি।
183. পূর্ব জামার্নীর ইলিওনা স্লুপিয়ানেক। 184. বাহাদুর সিং।
185. 1906 সালে। 186. জাপানের তোসিহিকো তাকেদা।
187. পাকিস্থানের এম. নাওয়াজ (1954 ও '58)।
188. রাশিয়ার ডাইনিস কুলা। 189. আমেরিকা।
190. 1980 সালে। 191. চীনের লিয়েইমান ও জিয়াও চুইলি।
192. চীনের ওয়চুন তাং। 193. ইতালির এস. ডেমিলোনো।
194. জাপান। 195. আমেরিকা।
196. 1980 সালে। 197. চীনের ডেনফেল লিয়াও।
198. 1978 সালে ব্যাংকক এশিয়াডে। 199. 1980 সালে।
200. 1966 সালে ব্যাংকক এশিয়াডে। 201. চীনের চেন দেয়াং।
202. দঃ কোরিয়ার কম ইয়াং।
203. 1951 সালের প্রথম এশিয়াডে।
204. জাপানের তাকাহাসি নাগাও। 205. জাপানের কিমোতা এমিয়া।





সাঁতার ক্যুইজ

1. ব্যক্তিগতভাবে সাধারণতঃ কত রকমের সাঁতার প্রতি-যোগিতা হয় ?
2. ঐ প্রতিযোগিতাগুলি কি কি ?
3. জলে ঝাঁপ দেবার যে প্ল্যাটফর্ম বা পাটাতন তা জল থেকে কত উঁচুতে থাকে ?
4. আন্তর্জাতিক সাঁতার নিয়ন্ত্রণ করে যে সংস্থা তার নাম কি ?
5. ইংলিশ চ্যানেলে কত কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে হয় ?
6. প্রথম ইংলিশ চ্যানেল অতিক্রম করেন কে কত সময়ে ?
7. কোন মহিলা প্রথম ইংলিশ চ্যানেল অতিক্রম করেন। তার সময় লেগেছিল কত ?
8. সবচেয়ে বেশি বয়সে কে ইংলিশ চ্যানেল অতিক্রম করেন ?
9. সবচেয়ে কম সময়ে ইংলিশ চ্যানেল অতিক্রম করেন কে ?
10. কোন মহিলা সাঁতারু সবচেয়ে কম সময়ে ইংলিশ চ্যানেল অতিক্রম করেন (ইংল্যাণ্ড থেকে ফ্রান্স) ?
11. সবচেয়ে কম বয়সে ইংলিশ চ্যানেল অতিক্রম করেন কে ?
12. ভারতের কোন মহিলা ইংলিশ চ্যানেল অতিক্রম করেন ?
13. পুরুষদের মধ্যে ভারতের কোন সাঁতারু ইংলিশ চ্যানেল পার হন ?
14. বাংলাদেশের কোন সাঁতারু 6 বার ইংলিশ চ্যানেল পার হন ?

15. প্রথম আন্তঃ ইউরোপীয় সাঁতার প্রতিযোগিতা কোথায় হয় ?
16. সন্তরণের আন্তর্জাতিক ফেডারেশন কবে গড়া হয় ?
17. ওলিম্পিকে মহিলাদের প্রথম সন্তরণ প্রতিযোগিতা শুরু হয় কবে ?
18. কোন সাঁতারুকে 'টারজান' বলা হয় ?
19. কোন সাঁতারু টারজানের ভূমিকায় অভিনয় করে বিখ্যাত হন ?
20. কোন বিখ্যাত কবি 1858 সালে অস্ট্রেলিয়ার মেলবোর্নে বিরাট সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন ?
21. কোন মহিলাকে সাঁতারে 'সোনার মেয়ে' বলা হয় ?
22. কোন সাঁতারু ওলিম্পিকে 24টি রেকর্ড গড়েছিলেন ?
23. কোন সাঁতারু একটি ওলিম্পিকে 7টি স্বর্ণপদক লাভ করেন ?
24. মার্ক অ্যাণ্ডু কোন ওলিম্পিকে 7টি সোনার পদক লাভ করেন ?
25. কোন মহিলা সাঁতারু এক মিনিটের কম সময়ে 100 মিটার অতিক্রম করেন ?
26. কোন মহিলা সাঁতারু পর্যায়ক্রমে 9 বার 100 মিটার সাঁতারে রেকর্ড গড়েন ?
27. কোন মহিলা সাঁতারু ওলিম্পিকে 27টি বিশ্ব রেকর্ড গড়েন ?
